banglajobgude.bogspot.com Join http://t.me/BanglaJobGude http://t.me/BangoSongbad

কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে সর্বাধিক পঠিত কর্মপত্রিকা

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765
www.ekarmakshetra.com

GRAB YOUR DREM JOB IN 2019-20
WBCS • CGL • BANK • RAIL
grassroot
7427927701
Dunlop • Tamluk • Sonarpur

বর্ষ ৩৯ সংখ্যা ২৯ কলকাতা বুধবার, ২০ ফেব্রুয়ারি ২০১৯/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ৭ ফাল্গুন ১৪২৫ দাম ৪.০০ টাকা ১৬ পাতা R. N. 37120/80

# রেলে ১ লক্ষ ৩০ হাজার নতুন নিয়োগ

নতুন করে ১,৩০,০০০ কর্মী নিয়োগের প্রক্রিয়া শুরু করতে চলেছে রেল। নিয়োগ হবে দেশজুড়ে বিভিন্ন রেল ও রেল ফ্যাক্টরিতে। নিয়োগ হবে এই চার ক্যাটেগরিতে: নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরি, প্যারামেডিক্যাল ক্যাটেগরি, মিনিস্টেরিয়াল ও আইসোলেটেড ক্যাটেগরি, লেভেল-ওয়ান ক্যাটেগরি। এর মধ্যে শুধু লেভেল-ওয়ান ক্যাটেগরির শূন্যপদ ১,০০,০০০। অন্য তিন ক্যাটেগরির মোট শূন্যপদ ৩০,০০০। প্রার্থী বাছাই করবে দেশজুড়ে মোট ৩৭টি রেল রিক্রুটমেন্ট বোর্ড ও রেল রিক্রুটমেন্ট সেল।

ক্যাটেগরি অনুসারে পদ: নন-টেকনিক্যাল ক্যাটেগরির অন্তর্ভুক্ত পদগুলি হল— জুনিয়র ক্লার্ক-কাম-টাইপিস্ট, অ্যাকাউন্টস ক্লার্ক-কাম-টাইপিস্ট, ট্রেন্স ক্লার্ক, কমার্শিয়াল-কাম-টিকিট ক্লার্ক, ট্রাফিক অ্যাসিস্ট্যান্ট, গুডস গার্ড, সিনিয়র কমার্শিয়াল-কাম-টিকিট ক্লার্ক, সিনিয়র ক্লার্ক-কাম-টাইপিস্ট, জুনিয়র অ্যাকাউন্ট অ্যাসিস্ট্যান্ট-কাম-টাইপিস্ট, কমার্শিয়াল অ্যাপ্রেন্টিস, স্টেশন মাস্টার প্রভৃতি। এই নিয়োগের সেন্ট্রালাইজড এমপ্লয়মেন্ট নোটিস নম্বর: আর আর বি/সি ই এন ০১/২০১৯।

**অনলাইন দরখাস্ত গ্রহণ শুরুর তারিখ:**
**নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরির পদগুলির ক্ষেত্রে ২৮ ফেব্রুয়ারি, প্যারামেডিক্যাল ক্যাটেগরির পদগুলির ক্ষেত্রে ৪ মার্চ, মিনিস্টেরিয়াল ও আইসোলেটেড ক্যাটেগরির পদগুলির ক্ষেত্রে ৮ মার্চ এবং লেভেল-ওয়ান পদের ক্ষেত্রে ১২ মার্চ।**

বিভিন্ন আর আর বি, আর আর সি-র ওয়েবসাইট ...পৃঃ ১৫

প্যারামেডিক্যাল ক্যাটেগরির পদগুলি হল— স্টাফ নার্স, হেলথ অ্যান্ড ম্যালেরিয়া ইনস্পেক্টর, ফার্মাসিস্ট, ই সি জি টেকনিশিয়ান, ল্যাব অ্যাসিস্ট্যান্ট, ল্যাব সুপারিন্টেন্ডেন্ট। এই ক্যাটেগরির সেন্ট্রালাইজড এমপ্লয়মেন্ট নোটিস নম্বর: আর আর বি ০২/২০১৯।

মিনিস্টেরিয়াল অ্যান্ড আইসোলেটেড ক্যাটেগরির পদগুলি হল— স্টেনোগ্রাফার, চিফ ল অ্যাসিস্ট্যান্ট ও জুনিয়র ট্রান্সলেটর (হিন্দি)। এই ক্যাটেগরির সেন্ট্রালাইজড এমপ্লয়মেন্ট নোটিস নম্বর: আর আর বি/সি ই এন ০৩/২০১৯।

লেভেল-ওয়ান ক্যাটেগরির পদগুলি হল— ট্র্যাক মেন্টেনার গ্রেড-ফোর, হেল্পার/অ্যাসিস্ট্যান্ট, অ্যাসিস্ট্যান্ট পয়েন্টসম্যান প্রভৃতি। লেভেল-ওয়ান ক্যাটেগরির সেন্ট্রালাইজড এমপ্লয়মেন্ট

এরপর পনেরোর পাতায়

## সাঁওতালি মাধ্যম স্কুলে ২৮৩ সহশিক্ষক

পশ্চিমবঙ্গ সেন্ট্রাল স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে রাজ্যের অনুদানপ্রাপ্ত সাঁওতালি মাধ্যম স্কুলে বিভিন্ন বিষয়ে ২৮৩ জন সহশিক্ষক নিয়োগ করা হবে। পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত সহশিক্ষক নিয়োগ করা হবে এই

**স্কুল সার্ভিস কমিশন**

সমস্ত বিষয়ে (বন্ধনীতে শূন্যপদ): নবম-দশম শ্রেণির ক্ষেত্রে সাঁওতালি (১৭), ইংরেজি (২১), অঙ্ক (২২), ইতিহাস (২৫), ভূগোল (২১), ভৌতবিজ্ঞান (১১), জীবনবিজ্ঞান (১৯)। পঞ্চম থেকে অষ্টম শ্রেণির ক্ষেত্রে সাঁওতালি (২২), ইংরেজি (৩), বায়োসায়েন্স (৫), পিওর সায়েন্স (১০), ইতিহাস (৫), ভূগোল (৫), ফিজিক্যাল এডুকেশন (৮), ওয়ার্ক এডুকেশন (৭)। নবম-দশম শ্রেণির ক্ষেত্রে সাঁওতালি (৪), ইংরেজি (৪), অঙ্ক (৪), জীবনবিজ্ঞান (৪), ইতিহাস (৪), ভূগোল (৪), ফিজিক্যাল এডুকেশন (১)। একাদশ-দ্বাদশ শ্রেণির ক্ষেত্রে সাঁওতালি (৫৬)।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.westbengalssc.com অনলাইন দরখাস্ত করা যাবে ২২ ফেব্রুয়ারি থেকে ৯ মার্চ পর্যন্ত।

আরও চাকরির খবর ভেতরের পাতায়

## ফুড কর্পোরেশনে ৪১০৩

### অ্যাসিস্ট্যান্ট, জুনিয়র ইঞ্জিনিয়ার, স্টেনোগ্রাফার ও টাইপিস্ট

অ্যাসিস্ট্যান্ট গ্রেড-থ্রি, অ্যাসিস্ট্যান্ট গ্রেড-টু, জুনিয়র ইঞ্জিনিয়ার-সহ বিভিন্ন পদে ৪,১০৩ জনকে নেবে ফুড কর্পোরেশন অব ইন্ডিয়া। নিয়োগ করা হবে সংস্থার উত্তর, দক্ষিণ, পূর্ব, পশ্চিম ও উত্তর-পূর্বাঞ্চলীয় ডিপো ও অফিসে। প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 01/2019-FCI Category III.

অঞ্চল অনুসারে শূন্যপদের বিবরণ: **পূর্ব: অ্যাসিস্ট্যান্ট গ্রেড থ্রি (টেকনিক্যাল):** ২২৪টি (সাধারণ ৯২, তফসিলি জাতি ৬২, তফসিলি উপজাতি ২৬, ও বি সি ২২, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া ২২)। এর মধ্যে ৯টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ৩২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

অ্যাসিস্ট্যান্ট গ্রেড থ্রি (জেনারেল): ১০৬টি (সাধারণ ৩৯, তফসিলি জাতি ২৩, তফসিলি উপজাতি ১০, ও বি সি ২৪, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া ১০)। এর মধ্যে ৪টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ১৫টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল):**

এরপর চোদ্দোর পাতায়

## রাজ্য পুলিশে ৮১৬ ওয়ার্ডার

### শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক

৮১৬ জন ওয়ার্ডার নেবে পশ্চিমবঙ্গ পুলিশ। নিয়োগ করা হবে ডিরেক্টোরেট অব কারেকশনাল সার্ভিসেসে। প্রথমে ৩ বছরের প্রবেশন।

শূন্যপদের বিন্যাস: সাধারণ ২৭৪ (পুরুষ ২৩৪, মহিলা ৪০), সাধারণ-এক্সেম্পটেড ক্যাটেগরি ১৩২ (পুরুষ ১১২, মহিলা ২০), সাধারণ-প্রাক্তন সমরকর্মী ৩৫ (পুরুষ ৩০, মহিলা ৫), তফসিলি জাতি ১১৭ (পুরুষ ৯৯, মহিলা ১৮), তফসিলি জাতি-এক্সেম্পটেড ক্যাটেগরি ৫৮ (পুরুষ ৫০, মহিলা ৮), তফসিলি জাতি-প্রাক্তন সমরকর্মী ৯ (পুরুষ ৭, মহিলা ২), তফসিলি উপজাতি ৩৪ (পুরুষ ২৯, মহিলা ৫), তফসিলি উপজাতি-এক্সেম্পটেড ক্যাটেগরি ১৬ (পুরুষ ১৪,

এরপর পনেরোর পাতায়

## পশ্চিমবঙ্গের ১৪ জেলা থেকে এয়ারফোর্সে এয়ারম্যান

### বারাকপুরে র‍্যালি ২৬ ফেব্রুয়ারি থেকে ৩ মার্চ

**নিজস্ব প্রতিনিধি:** র‍্যালির মাধ্যমে পশ্চিমবঙ্গ থেকে বেশ কিছু এয়ারম্যান নিয়োগ করবে ভারতীয় বিমানবাহিনী। উচ্চমাধ্যমিক পাশ অবিবাহিত তরুণরা র‍্যালিতে অংশগ্রহণ করতে পারবেন। র‍্যালি আয়োজিত হবে উত্তর ২৪ পরগনার বারাকপুরে, এয়ারফোর্স স্টেশনে। 'ওয়াই' গ্রুপের নন-টেকনিক্যাল দুই ট্রেডে নিয়োগ হবে। ট্রেডগুলি হল: অটোমোবাইল টেকনিশিয়ান ও ইন্ডিয়ান এয়ারফোর্স পুলিশ। র‍্যালি শুরু হবে ২৬ ফেব্রুয়ারি। চলবে ৩ মার্চ পর্যন্ত।

র‍্যালিতে অংশগ্রহণ করতে পারবেন এইসব জেলার তরুণরা: হুগলি, পূর্ব মেদিনীপুর, ঝাড়গ্রাম, পুরুলিয়া, পশ্চিম বর্ধমান, মুর্শিদাবাদ, মালদা, উত্তর

এরপর পনেরোর পাতায়

## কলকাতা বিশ্ববিদ্যালয়ে ২২৩ অধ্যাপক

২২৩ জন অ্যাসিস্ট্যান্ট প্রফেসর, অ্যাসোসিয়েট প্রফেসর ও প্রফেসর নেবে কলকাতা বিশ্ববিদ্যালয়। নিয়োগ হবে বিভিন্ন বিষয়ের জন্য।

বিষয় অনুসারে শূন্যপদ: **অ্যানথ্রোপলজি:** অ্যাসিস্ট্যান্ট প্রফেসর ২টি, অ্যাসোসিয়েট প্রফেসর ৩টি, প্রফেসর ২টি।

**অ্যাপ্লায়েড ম্যাথমেটিক্স:** অ্যাসিস্ট্যান্ট প্রফেসর ২টি, অ্যাসোসিয়েট প্রফেসর ৯টি, প্রফেসর ১টি।

**অ্যাপ্লায়েড সাইকোলজি:** অ্যাসি-

এরপর তেরোর পাতায়

## ফরেস্ট ও সিভিল সার্ভিসের প্রিলিমিনারি পরীক্ষা ২ জুন

কেন্দ্রীয় সরকারের সবচেয়ে বড় দুই চাকরির পরীক্ষা সিভিল সার্ভিস এবং ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিস এক্সামিনেশনের জন্য প্রার্থীদের একটিই প্রিলিমিনারি পরীক্ষা দিতে হবে। পরীক্ষার নাম 'সিভিল সার্ভিসেস (প্রিলিমিনারি) এক্সামিনেশন'। এ বারের 'সিভিল সার্ভিসেস (প্রিলিমিনারি) এক্সামিনেশন, ২০১৯' নেওয়া হবে ২ জুন। পরীক্ষা পরিচালনা করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন। দরখাস্ত করা যাবে ১৮ মার্চ পর্যন্ত।

প্রিলিমিনারি পরীক্ষাটি শুধুমাত্র সিভিল সার্ভিসের জন্য অথবা শুধুমাত্র ফরেস্ট সার্ভিসের জন্য অথবা উভয় সার্ভিসের জন্যই দেওয়া যাবে। প্রিলিমিনারি পরীক্ষায় সফলরা সিভিল সার্ভিসেস (মেন) অথবা ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিস (মেন) অথবা উভয় পরীক্ষায় বসার জন্যই দরখাস্ত করতে পারবেন। মেন পরীক্ষাগুলির বিজ্ঞপ্তি জারি হবে সিভিল সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষার ফল প্রকাশিত হওয়ার পর। মেন পরীক্ষায় সফল হলে ইন্টারভিউ। তাতে সফল হলে ভারত সরকারের সেরা প্রশাসনিক পদগুলিতে চাকরি হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** সিভিল সার্ভিসের ক্ষেত্রে যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিসের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলির মধ্যে অন্তত একটি বিষয়ে গ্র্যাজুয়েট: অ্যানিম্যাল হাজবেন্ড্রি অ্যান্ড ভেটেরিনারি সায়েন্স, বটানি, কেমিস্ট্রি, জিওলজি, ম্যাথমেটিক্স, ফিজিক্স, স্ট্যাটিস্টিক্স, জুলজি। এগ্রিকালচার, ফরেস্ট্রি এবং ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েটরাও ফরেস্ট সার্ভিসের জন্য আবেদন করতে পারেন। উভয় সার্ভিসের ক্ষেত্রেই ফাইনাল ইয়ার বা সেমেস্টারের পরীক্ষার্থীরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারবেন।

**বয়স:** ২১ থেকে ৩২ বছরের মধ্যে। বয়সে তফসিলিরা এবং প্রাক্তন সমরকর্মীরা ৫, ও বি সিরা ৩ বছরের ছাড় পাবেন। দৃষ্টিহীন, মূক ও বধির এবং অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

**প্রিলিমিনারি পরীক্ষার ধরনধারণ:** সিভিল সার্ভিস প্রিলিমিনারি পরীক্ষা হয়ে থাকে দু'টি পেপারের। প্রতিটি পেপারেই ২০০ নম্বরের অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন থাকে। সময় প্রতি পেপারে ২ ঘণ্টা। দৃষ্টিহীন পরীক্ষার্থীরা প্রতি পেপারে ৪০ মিনিট করে অতিরিক্ত সময় পাবেন। প্রথম পেপারের প্রশ্ন থাকে এই সব বিষয়ে: কারেন্ট ইভেন্টস অব ন্যাশনাল অ্যান্ড ইন্টারন্যাশনাল ইমপর্টান্স। হিস্ট্রি অব ইন্ডিয়া অ্যান্ড ইন্ডিয়ান ন্যাশনাল মুভমেন্ট। ইন্ডিয়া অ্যান্ড ওয়ার্ল্ড জিওগ্রাফি— ফিজিক্যাল, সোশ্যাল,

এরপর তেরোর পাতায়

TICS
Where selection is passion
IAS / IPS / WBCS
THE ONLY INSTITUTE FOR COMPLETE CIVIL SERVICES PREPARATION
Teachers from Delhi & Allahabad

Get Registered your self for Free study materials
8478043333 | 9088993333
UPSC Foundation Batch starts from 9th March 19 (Weekend) 11th March 19 (Weekday)
TICS Online Coming Soon
Registration Open www.ticsias.com
IAS IPS WBCS
WBCS Foundation Batch starts from 9th March 19 (Weekend) 11th March 19 (Weekday)
WBCS Mains Batch starts from 23rd Feb 19 (Weekend) 11th March 19 (Weekday)
OUR SUCCESSFULL CANDIDATES IN WBCS (EXE.) EXAMINATION 2017
Rank - 2nd
Rank - 14th
Rank - 1st
Rank - 9th


www.ticsias.com / info@ticsias.com
TICSEDUWORLD
9088993333
8478043333
TICS: 90/6-A, M.G. Road YMCA Building 2nd Floor, Near College Street Kol

banglajobgude.bogspot.com Join http://t.me/BanglaJobGude http://t.me/BangoSongbad



**কর্মক্ষেত্র**

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in
Website: www.swarnakshar.in

বর্ষ ৩৯ সংখ্যা ২৯ □ ২০ ফেব্রুয়ারি ২০১৯

**ই-মেল ঠিকানা**

সম্পাদকীয় বিভাগ:
karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ:
advt@swarnakshar.in
সার্কুলেশন বিভাগ:
circulation@swarnakshar.in

## কর্মখালি

### চাকরি পেতে একটি ফোনের অপেক্ষা

**বেতন: 10,600/- – 28700/-**

শহর থেকে গ্রামের প্রত্যেক কর্মপ্রার্থীদের জন্য বিনা ডোনেশনে চাকরি। যোগ্যতা: অষ্টম-স্নাতক। পশ্চিমবঙ্গের প্রতিটি জেলাতে স্থায়ী কাজ। অফিসিয়াল ও অন্যান্য পদে নিয়োগ চলছে। পোস্ট S/V অফিস বয়, ক্লার্ক ইনচার্জ পিওন ATM গার্ড Pvt (Bank)-এ প্রচুর লোক প্রয়োজন। PF, ESI, OT, বোনাস, থাকা ও খাওয়া ফ্রী। যোগাযোগের সাথে সাথে কর্মপ্রার্থীকে লিখিতভাবে পোস্টিং এরিয়া জানানো হবে। Aruna Group, 1 No মল্লিক কলোনী, দমদম-74, (M): 83482-22418.

□

### এয়ারপোর্ট ও Pvt. ব্যাংকে সরাসরি কন্ট্রাক্টরের অধীনে পার্মানেন্ট জব

সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport ও ব্যাংকে (DSA)-তে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,400/- – 48300/-, বয়স: 18-38. এছাড়া অন্যান্য সুবিধা। BPL, ডালহৌসি, কোল-1, (M): 96090-59045.

□

### Airport ও Pvt. ব্যাংকে কন্ট্রাক্টরের অধীনে স্পট জয়েনিং

সম্পূর্ণ বিনা ডোনেশনে গ্যারান্টি-সহ এয়ারপোর্ট ও ব্যাংকে বিভিন্ন অফিসিয়াল পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 17,300/- – 48,500/- বয়স: 18-45. A. J. টি বোর্ড, কোল-1, (M): 96090-60842.

□

**SBI / UCO ব্যাঙ্ক / PAN-ATM CARD** Govt. প্রসেসে স্থায়ী পদে 854 জন স্মার্ট বাংলাভাষী M/F (18-34) সরাসরি নিয়োগ। বেতন: 10,846/- – 35,500/- (PF + ESI + INC) W2C, Kol-56. বেলঘরিয়া/দমদম: 83348-59516, গড়িয়া / টালিগঞ্জ: 98755-52728. ব্যারাকপুর/ কল্যাণী: 90629-77779, হাওড়া / ব্যান্ডেল: 62892-51870.

□

**WWW.SDOVERSICE.COM** এই কম্পানি প্রচুর ছেলে মেয়েদের বাইরে পাঠাচ্ছে। তাড়াতাড়ি যোগাযোগ করুন: S. D. C. T. Kol-84. Ph No.: 75959-30556 / 98742-26794.

□

**কর্মক্ষেত্র**র আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২৩ ফেব্রুয়ারি দুপুর ২টো পর্যন্ত।

□□□

৬ মার্চ **কর্মক্ষেত্র**র জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২ মার্চ দুপুর ২টো পর্যন্ত।

□□□

বিজ্ঞাপন গ্রহণের সময়
রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

## কর্মখালি

### ATHARV Welfare Society (PAN India NGO)

'বিনামূল্যে প্রত্যেকের জন্য ৫টি রোগ প্রতিরোধক ঔষধ বিতরন' এই সরকারি প্রকল্পে কাজের জন্য বাঁকুড়া, পুরুলিয়া, পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম, পূর্ব-বর্ধমান, পশ্চিম বর্ধমান, বীরভূম ও উত্তর ২৪ পরগনা জেলায় প্রতি ব্লকে ১০ জন V. C. (৮০০০ + ২০০০) ও ১ জন B. C. (১০০০০ + ২০০০) নেওয়া হবে। আগ্রহী যুবরা ৭ দিনের মধ্যে নিজের C.V. পাঠান atharvwestbengal@gmail.com ঠিকানায়।

□

### BSNL/VODA/JIO

কাস্টমার কেয়ারে (10-6 PM) রাজ্যের বিভিন্ন জেলা থেকে (মাধ্যমিক-M.A) অভিজ্ঞ/অনভিজ্ঞ M/F সরাসরি নিয়োগ চলছে। বয়স: (18-38), Sal: 13,500/- – 48,900/- + PF + ESI + মেস। IING, Kol-08. বেহালা: 96742-56755, উঃ/দঃ ২৪ পরগনা: 82769-83240.

□

### বিনা ডোনেশনে সুনিশ্চিত ভবিষ্যৎ গড়তে ফোন করুন

গভঃ লাইসেন্সপ্রাপ্ত (L. No-EWK 70082) অফিস দিচ্ছে সম্পূর্ণ বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে Airport, মেট্রোরেল ও Pvt. BANK (DSA) সংস্থায় সরাসরি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ M/F নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই-স্নাতক, বেতন: (8,900/- – 37,800/-), এছাড়া OT, PF, ESI, ছুটি, বোনাস, প্রমোশন-সহ থাকা খাওয়া সম্পূর্ণ ফ্রি। G. C., চাকদহ, নদিয়া, (M): 96092-09369. ।

□

### Pvt. ব্যাঙ্কে চাকরি

ব্যাঙ্কের Payroll ও ব্যাক অফিস May I Help U-তে অতি সত্বর যোগ্য প্রার্থী চাই। হাওড়া ও হুগলি: 70443-81672 শ্রীরামপুর ও ব্যান্ডেল: 85838-65904 ব্যারাকপুর ও সোদপুর: 86975-95918 নৈহাটি ও কল্যাণী: 74497-02185 সোনারপুর ও গড়িয়া: 86976-16100 বারাসাত ও কনগী: 84208-88113. Need Counseling, ডানলপ-108.

□

**BACK Office-এ C.C.E পিওন পদে** স্পট নিয়োগ। বেতন: 10,800/-, (M.P-M.A), S. P, BWN-0.1, বাঁকুড়া/ বীরভূম/বর্ধমান: 70449-87955.

□

**WE ARE HIRING PHARMACIST /** PHARMACY ASSISTANT. LOCATION-HLG HOSPITAL, ASANSOL. SALARY NEGOTIABLE. FOR MORE DETAILS CALL US 89455-31923. OR MAIL US YOUR CV - hr@hlghospital.com

□

**I. T. COMPANY NASA** INFORMATION TECHNOLOGY, BARUIPUR, KOL-144, WWW.GSTWB.IN Ph: 87776-81243 WANTED SOME OFFICE ASSISTANT SALARY: 6,500/-+. SALES OFFICER SALARY: 30,000/- + HAVING GOOD KNOWLEDGE OF COMPUTER. INTERVIEW 28-02-19 AND 02-03-19.

□

## কর্মখালি

### Direct নিয়োগ

জেলায় জেলায় 3G, 4G টাওয়ার Co, ATM গার্ড, Pvt. নার্সিং হোম, ফ্যাক্টরি, শপিংমল, অফিসের কাজের জন্য M/F কর্মী চাই। বেতন: (12,500/- – 18,500/-), R.J.S, শিয়ালদহ, কলি-09. (M): 74773-12519.

□

### Salary 10400 - 19500/-

3-5 স্টার হোটেলে কাজ। থাকা-খাওয়া FREE. Acropolish Mall, Kol-107. Sonar Bangla : 86977-55628.

□

### স্টার হোটেলে 6-17,500/-

রেজিঃ ফি ছাড়াই লিখিত গ্যারান্টি-সহ স্টার হোটেলে স্থায়ী চাকরি। থাকা-খাওয়া সম্পূর্ণ ফ্রি + অন্যান্য সুবিধা। ছেলে ও মেয়ে চাই। Golden Future Academy, মগরা/মহানাদ, হুগলি: 99322-25700.

□

**Jio / Vodafone / SBI কাস্টমার কেয়ারে** বাংলা ভাষা জানা ছেলেমেয়ে সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বেতন: INC+OT-সহ 11,800/-. Z. M. GROUP, Salt Lake, Sec-V, Kol-91, হাওড়া ও হুগলি: 98301-20692, উঃ ২৪ পরগনা ও দঃ ২৪ পরগনা: 70440-49492, মেদিনীপুর: 96747-95345.

□

**১০০ জন গাড়ি রং করার মিস্ত্রি এবং** হেল্পার (Helper) দরকার যাদের দুই বছরের অভিজ্ঞতা আছে Gun এবং হাতের Brush দিয়ে। মিস্ত্রির রোজ ৫০০/- টাকা। হেল্পার রোজ ২৫০/- টাকা। Walking Interview: G. S. GARAGE (HOWRAH), Rajesh Tiwari Parking, Howrah-711 105. Contact No.: 80175-73563.

□

### JOB FOR ALL

**BPO / BANKING / NON BANKING** & FINANCIAL পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা থেকে কাস্টমার কেয়ারে নিয়োগ চলছে। বয়স: (18-40), ১০ম-স্নাতক, বেতন: 11,500/- – 32,500/-) PF + ESI + TA, M/F, যোগাযোগ: 86971-64034 / 83360-27632, কলকাতা। DS Solution, 113, Park Street, Kolkata-700 016.

□

### স্টার হোটেলে চাকরি

ভারতের মধ্যে মহারাষ্ট্র, গোয়া, দিল্লি, ব্যাঙ্গালোর, কোলকাতায় হোটেলে সরাসরি ৭ দিনে জয়েনিং। আয় ৮,০০০/- + থাকা + খাওয়া + টিপস। বয়স: 30-এর মধ্যে। Career Hub, ভবানীপুর, Kol-25. 92319-65679.

## স্কুল-কলেজ শিক্ষা

### প্যারামেডিক্যালে ভর্তি

মাধ্যমিক ও 10+2 উত্তীর্ণদের অবশিষ্ট আসনে ভর্তি চলছে। ফিজিওথেরাপি, ল্যাব টেক, ই সি জি, রেগুলার ক্লাস, হোস্টেল আছে, ইন্টার্নশিপ ও প্রাইভেট চাকরি। B. I. A. H. S, বেহালা: 98306-62930, 86974-88882, 98303-46797 আমতলা: 87777-85881 বহরমপুর: 97343-12640 করিমপুর: 97758-57988 রানাঘাট: 62892-86872. Website: www.biahs.in

□

**কর্মক্ষেত্র কার্যালয়ে যোগাযোগের ঠিকানা**

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: info@swarnakshar.in
বিজ্ঞাপন দিতে যোগাযোগ করুন:
অর্নব দাশগুপ্ত: ৯৮৩০৬-০০৭৩৩
সুমনা সেনগুপ্ত: ৯৮৩০০-২৬১৩৬

**DISCLAIMER**

SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

### পাঠকের প্রতি

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

## স্কুল-কলেজ শিক্ষা

### টিচার্স ট্রেনিং

প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেসরি টিচার্স ট্রেনিং-এ ভর্তি চলছে। BSS Govt. of India approved. Placement Assistance. রবীন্দ্র পাঠভবন, হাওড়া: 90510-74736 / 98308-15220 টালিগঞ্জ: 98308-15220 শ্যামবাজার: 84428-66912.

□

### টিচার্স ট্রেনিং

প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেশ্বরী টিচার্স ট্রেনিংয়ে ভর্তি চলছে। BSS, NCVT (Govt. of India) & PBSSD Approved Placement (Asst.) Instalment-এর সুবিধা আছে। Global Technical Institute, বেলেঘাটা: 75969-71701/ 92301-13485 বারুইপুর (স্টেশনের নিকটে): 92315-51285/70449-27065.

□

## স্কুল-কলেজ শিক্ষা

**Math & Eng** সোনারপুর WBCS, Rail, PSC, SSC, ক্লার্ক Gr.D প্রাইমারি, পুলিশ, SI শর্টকাট, সেকেন্ডে কৌশল। Alakesh Sir: 98360-45234.

□

### নার্সিং ট্রেনিং

**2 Years Diploma in Nursing BSS** & S.T.V.T Affiliated হসপিটাল প্র্যাক্টিস ও Placement-এর গ্যারান্টি। রবীন্দ্র পাঠভবন, বেলঘরিয়া। 83350-66915 / 83350-66916.

□

**কম্বাইন্ড কোর্স (WBCS, PSC, SSC,** ব্যাঙ্ক, রেল, স্পোকেন ইংলিশ ইত্যাদি) প্রশিক্ষণ নিয়ে বহু স্টুডেন্ট সুপ্রতিষ্ঠিত। কেবলমাত্র ছাত্রীরাই যোগাযোগ করবে। পি. মুখার্জি, হাওড়া শিবপুর। 90075-34791, 90731-76083.

## ১৫০ জুনিয়র ইঞ্জিনিয়ার

জুনিয়র ইঞ্জিনিয়ার পদে ১৫০ জনকে নিয়োগ করবে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন। সিভিল, মেকানিক্যাল এবং ইলেক্ট্রিক্যাল শাখায় নিয়োগ করা হবে কলকাতা মেট্রোপলিটান ডেভেলপমেন্ট অথরিটিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 1 of 2019.

শাখা অনুযায়ী শূন্যপদের বিবরণ: **সিভিল:** ১০০টি (সাধারণ ৫২, সাধারণ দৈহিক প্রতিবন্ধী ৩, তফসিলি জাতি ২২, তফসিলি উপজাতি ৬, ও বি সি-এ ১০, ও বি সি-বি ৭। **মেকানিক্যাল:** ২৫টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ২, ও বি সি-বি ২)। **ইলেক্ট্রিক্যাল:** ২৫টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ২, ও বি সি-বি ২)।

শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা, সঙ্গে সংশ্লিষ্ট কাজে এক বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১-১-২০১৯ তারিখে ২১ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীরা ৫ এবং ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন। বেতনক্রম: ৯,০০০-৪০,৫০০ টাকা। গ্রেড পে ৪,৮০০ টাকা। অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mscwb.org প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। প্রথমে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের শেষ তারিখ ১৪ মার্চ। ফি বাবদ দিতে হবে প্রসেসিং চার্জ ও ব্যাঙ্ক চার্জ-সহ ২২০ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে কেবল প্রসেসিং ও ব্যাঙ্ক চার্জ বাবদ ৭০ টাকা)। ফি জমা দেওয়া যাবে অনলাইন-অফলাইন উভয় পদ্ধতিতেই। অফলাইনে ইউনাইটেড ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায় ফি জমা দেওয়া যাবে এই অ্যাকাউন্ট নম্বরে: ০০৮৮০১০৩৬৭৯৩৬। ব্যাঙ্ক চালান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। চালান জেনারেট করার শেষ তারিখ ১৪ মার্চ। চালানের মাধ্যমে ফি জমা দেওয়ার শেষ তারিখ ১৫ মার্চ। অনলাইনে দরখাস্ত যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে। অনলাইনে দরখাস্ত সাবমিট করার শেষ তারিখ ১৬ মার্চ। প্রার্থী বাছাই পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### কর্মক্ষেত্র কারা পড়েন?

একদিকে কর্মপ্রার্থী, অন্যদিকে নিয়োগকর্তা। একদিকে ছোটখাটো ব্যবসা করতে উদ্যোগী, অন্যদিকে সেইসব যন্ত্রপাতি ও কাঁচামালের উৎপাদক। একদিকে বিভিন্ন ধরনের ট্রেনিং নিতে ইচ্ছুক, অন্যদিকে ট্রেনিং ইনস্টিটিউট।

'কর্মক্ষেত্র'র এরকম লক্ষ লক্ষ পাঠক সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে রয়েছেন। 'কর্মক্ষেত্র'র শ্রেণিবদ্ধ স্তম্ভে কর্মখালি, ব্যবসা-বাণিজ্য, স্কুল-কলেজ-শিক্ষা, সেলসম্যান/গার্ল, এজেন্ট/ক্যানভাসার, স্টকিস্ট/ ডিস্ট্রিবিউটর, যন্ত্রপাতি-সাজসরঞ্জাম, ক্রয়-বিক্রয় ইত্যাদি বিজ্ঞাপন প্রকাশিত হয়। শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের খরচ প্রতি লাইন ২৭৫ টাকা। আপনার বিজ্ঞাপনটি নিশ্চিত ও নির্ভুলভাবে প্রকাশের জন্য প্রকাশ তারিখের ৭ দিন আগে বিজ্ঞাপনের কপি ও টাকা জমা দিন:

Advertisement—Karmakshetra, Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
**Phone:** 2283-2320, 2280-8818 □ **Fax:** 2287-6448
**E-mail:** advt@swarnakshar.in

## স্বর্ণাক্ষরের বেড়াবার বই ছোটদের বই

প্রথম ভারতীয় ভূপর্যটক
বিমল মুখার্জির
**দুচাকায় দুনিয়া**
১৯২৬ সালে সাইকেলে পৃথিবী পর্যটনে বেরিয়েছিলেন বিমল মুখার্জি (১৯০৩-১৯৮৭)। তাঁর সেই দুঃসাহসিক বিশ্বভ্রমণের রোমাঞ্চকর অভিজ্ঞতা।
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
সপ্তম মুদ্রণ ₹৩০০

শঙ্খ ঘোষের **ইছামতীর মশা**
কবির দেখা কবির লেখা
একগুচ্ছ অসামান্য ভ্রমণকথা।
পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ ₹১৫০

**বেড়াতে যাবার সিঁড়ি** ₹১২০

নবনীতা দেব সেনের
**ভ্রমণের নবনীতা**
নানা মহাদেশের মাটির জলস্পর্শ আছে এ বইয়ে।
তৃতীয় মুদ্রণ ₹১২৫

অমরেন্দ্র চক্রবর্তীর
**বন্ধুভরা বসুন্ধরা**
অজানা দেশ দেখে বেড়ানো, অচিন মানুষ চিনে বেড়ানোর আন্তরিক আলেখ্য। সঙ্গে রঙিন ছবি। মজবুত বোর্ড বাঁধাই।
দ্বিতীয় সংস্করণ ₹১২০

রবীন চক্রবর্তীর
**বাঁধা পথের বাঁধন ছেড়ে**
উত্তর-পূর্ব ভারত আর লাদাখ ভ্রমণে আগ্রহীদের এ-বই পথ দেখাবে।
২য় সংস্করণ। ₹৯০

শঙ্কররঞ্জন রায়চৌধুরীর
**চিন তিব্বত মোঙ্গোলিয়া**
বিচিত্র প্রকৃতি আর মানুষের জীবনস্রোতে ভেসে বেড়ানো। ২য় মুদ্রণ। ₹৯০

**সেরা ভ্রমণ কাহিনী**
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
প্রখ্যাত লেখক-পর্যটকদের দেশ-বিদেশ ভ্রমণের অন্তরঙ্গ কাহিনী।
১ম খণ্ড। সহস্রাধিক পাতা। ৪র্থ মুদ্রণ ₹৫০০
২য় খণ্ড। ৭০০ পাতা। ৩য় মুদ্রণ ₹৩০০
৩য় খণ্ড। ₹৩০০

মহাশ্বেতা দেবীর বিস্ময়কর বই
**তুতুল** তৃতীয় মুদ্রণ ₹৬০
সুভাষ মুখোপাধ্যায়ের ছড়ার বই
**বকবকম** ₹১৫
কানাইলাল চক্রবর্তীর
খুব ছোটদের জন্য এক আশ্চর্য সুন্দর বই
**চলো দেখে আসি**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹২০
**চড়ুইয়ের সঙ্গে** ₹১৫
**কুমির হয়ে জলে গেল** ₹৩০
পবিত্র সরকারের
**কথামালা: ছড়ায় ঢালা** ₹১৫
মৈত্রেয়ী নাগের
**বাঘ বেড়ালের ছড়া ছবি** ₹৩০
**আষাঢ়ে গল্প** ₹৬০

অমরেন্দ্র চক্রবর্তীর
ছোটদের বই
২০১৬-র সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত
**গরিলার চোখ** ₹৮০
**লিচুবাগানের চৌকিদার** ₹৮০
**বরফের বাগান** ₹১২০
**ছেঁড়াকাঁথার গল্প** ₹৭৫
**আমাজনের জঙ্গলে**
বিস্ময়কর কিশোর উপন্যাস। ৭ম মুদ্রণ ₹৭০
**হীরু ডাকাত**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹১২০
সঙ্গে বিনামূল্যে: অবাক করা গানে-সুরে বাদ্যি-বাজনায় অভিনয়ে জমজমাট দু'ঘণ্টার অখণ্ড MP3 সিডি
**গৌর যাযাবর**
বিশ্বভারতীর আশালতা সেন পুরস্কারপ্রাপ্ত। পরিবর্ধিত নতুন সংস্করণ ₹১২০
**শাদা ঘোড়া** ৬ষ্ঠ মুদ্রণ ₹৬০
দেশ-বিদেশের নানা ভাষায় অনূদিত।
**টিয়াগ্রামের ফিঙেনদী**
যুধাজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹১৫
**ঋষিকুমার** ₹২০ **পাখির খাতা** ₹৪০
**ভূতের বাঁশি** ₹৪০
**তালগাছের ডোঙা** ₹২০

**স্বর্ণাক্ষর**
29/1-A, Old Ballygunge 2nd Lane
Kolkata-700 019
Ph: 2283-2320 Fax: 2287-6448

banglajobgude.bogspot.com Join http://t.me/BanglaJobGude http://t.me/BangoSongbad



স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# অটোমেটিক রুটি তৈরির মেশিন

**‘কর্মক্ষেত্র’র জনপ্রিয় বিভাগ ‘কোন মেশিনে কী ব্যবসা’ পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।**



**নিজস্ব প্রতিনিধি:** এই মেশিনের সাহায্যে খুব অল্প সময়ে অনেক বেশি পরিমাণ রুটি তৈরি সম্ভব। হাতে গড়া রুটি এবং রুমালি রুটি দু’টিই তৈরি হতে পারে এই মেশিনে। হোটেলে রেস্টুরেন্টে রুটি তৈরির জন্য এই মেশিন ব্যবহার করা যেতে পারে। অথবা আপনি নিজেই এই মেশিন কিনে বেশি সংখ্যক ক্রেতাকে অল্প সময়ে গরম গরম রুটির যোগান দিয়ে ব্যবসা শুরু করতে পারেন।

**কীভাবে করবেন:** প্রথমে মিক্সার মেশিনে প্রয়োজনমতো আটা দিয়ে মিশ্রণ তৈরি করে নিতে হবে। এবার সেই মিশ্রণ লেচি কাটিং মেশিনে দিতে হবে। এই মেশিনে ছোট, বড় বিভিন্ন মাপের লেচির জন্য কন্ট্রোলার আছে। আপনি চাহিদা মতো কন্ট্রোলার অন করলে যে মাপের লেচি চান সেই নির্দিষ্ট মাপের লেচি তৈরি হয়ে বেরিয়ে আসবে। ১ মিনিটে ৭০-৮০টি লেচি তৈরি সম্ভব। এরপর সেই লেচি রুটি তৈরির মেশিনটির নির্দিষ্ট পয়েন্টে রাখলে সম্পূর্ণ স্বয়ংক্রিয় পদ্ধতিতে রুটি তৈরি হয়ে বেরিয়ে আসতে থাকবে।

**কোন মেশিনের কী দাম:** মিক্সার মেশিনটির দাম পড়বে ২৫ হাজার টাকা। লেচি কাটিং মেশিনটির দাম পড়বে ৫০ হাজার টাকা এবং অটোম্যাটিক রুটি তৈরির মেশিনটির দাম পড়বে ১ লাখ ৮০ হাজার টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com

# সি এস আই আর নেট পরীক্ষা ১৬ জুন

ইউনিভার্সিটি গ্রান্টস কমিশনের অধীন বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজে বিজ্ঞান শাখায় লেকচারার এবং জুনিয়র রিসার্চ ফেলোশিপের যোগ্যতামান নির্ধারণের জন্য প্রার্থী বাছাই পরীক্ষা ‘নেট’ নিচ্ছে কাউন্সিল অব সায়েন্টিফিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিসার্চ এবং ইউনিভার্সিটি গ্র্যান্টস কমিশন, যৌথভাবে। পরীক্ষাটি জাতীয় স্তরের। পরীক্ষার তারিখ: ১৬ জুন (রবিবার)।

পরীক্ষা নেওয়া হবে এইসব বিষয়ে: (১) কেমিক্যাল সায়েন্সেস, (২) আর্থ, অ্যাটমোস্ফেরিক, ওশান অ্যান্ড প্ল্যানেটরি সায়েন্সেস, (৩) লাইফ সায়েন্সেস, (৪) ম্যাথমেটিক্যাল সায়েন্সেস, (৫) ফিজিক্যাল সায়েন্সেস।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ এম এসসি বা ইন্টিগ্রেটেড বি এস-এম এস বা ৪ বছরের ব্যাচেলর অব সায়েন্স (বি এস) বা বি ই বা বি টেক বা বি ফার্মা বা এম বি বি এস বা সমতুল ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। এই নম্বর নিয়ে বি এসসি (অনার্স) বা সমতুল ডিগ্রি পাশ করে থাকলে অথবা ইন্টিগ্রেটেড এম এস-পি এইচ ডি কোর্সে নথিভুক্ত হয়ে থাকলেও আবেদন করতে পারেন। ব্যাচেলর্স ডিগ্রিধারীরা এই নেট পরীক্ষায় সফল হয়ে ২ বছরের মধ্যে পি এইচ ডি বা ইন্টিগ্রেটেড পি এইচ ডি কোর্সে নথিভুক্ত হলে তবেই ফেলোশিপ পাবেন। সব ক্ষেত্রেই তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীরা মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে আবেদন করতে পারবেন।

পি এইচ ডি ডিগ্রিধারীরা ১৯৯১-এর ১৯ সেপ্টেম্বরের আগে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতকোত্তর ডিগ্রি পেয়ে থাকলে শুধুমাত্র লেকচারশিপের জন্য আবেদনের যোগ্য।

বি এসসি পাশ করে থাকলে বা এম এসসি কোর্সে নথিভুক্ত হয়ে থাকলেও শর্তসাপেক্ষে আবেদন করা যাবে।

**বয়স:** জুনিয়র রিসার্চ ফেলোশিপের জন্য ১-১-২০১৯ তারিখে ২৮ বছরের মধ্যে। তফসিলি, শারীরিক প্রতিবন্ধী ও মহিলারা ৫ বছর এবং ও বি সিরা ৩ বছর বয়সের ছাড় পাবেন। লেকচারশিপের ক্ষেত্রে বয়সের কোনও উর্ধ্বসীমা নেই।

**পরীক্ষার ধরনধারণ:** পরীক্ষা হবে ১৬ জুন, রবিবার। মর্নিং সেশন সকাল ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত। আফটারনুন সেশন দুপুর ২টো থেকে বিকেল ৫টা পর্যন্ত। মোট নম্বর ২০০। মর্নিং সেশনে পরীক্ষা হবে লাইফ সায়েন্সেস ও ফিজিক্যাল সায়েন্সেস বিষয়ের এবং আফটারনুন সেশনে পরীক্ষা হবে কেমিক্যাল সায়েন্সেস, ম্যাথমেটিক্যাল সায়েন্সেস ও আর্থ, অ্যাটমোস্ফেরিক, ওশান অ্যান্ড প্ল্যানেটরি সায়েন্সেস বিষয়ের।

এই পরীক্ষার বিজ্ঞপ্তি নম্বর: 10-2(5)/2019(i)-E.U.II. অনলাইন আবেদন করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.csirhrdg.res.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২৫ ফেব্রুয়ারি থেকে ১৮ মার্চ পর্যন্ত।

ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২৫০ টাকা, ও বি সিদের ক্ষেত্রে ৫০০ টাকা)। অনলাইন পদ্ধতিতে ক্রেডিট কার্ড বা ডেবিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে।

এই পরীক্ষার বিস্তারিত বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। ১৯ ফেব্রুয়ারি থেকে আগ্রহী প্রার্থীরা চোখ রাখুন উপরোক্ত ওয়েবসাইটে।

সুশ্রুত চক্ষু হাসপাতালে ৬ মাস দৈনিক হাতে-কলমে বিনামূল্যে প্রশিক্ষণ (শুধুমাত্র মহিলা)। বয়সসীমা ১৮-৩৫, যোগ্যতা মাধ্যমিক/উচ্চমাধ্যমিক উত্তীর্ণ। মাসিক স্টাইপেন ও থাকার ব্যবস্থা আছে। প্রশিক্ষণ শেষে সার্টিফিকেট দেওয়া হবে। এই বিজ্ঞাপন প্রকাশিত হবার ১০ দিনের মধ্যে বায়োডাটা ছবিসহ মেল করুন: csr.susrut@gmail.com. যোগাযোগ: 9073997720.

**WBCS কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি**

SI CLASSES-এ WBCS, 19 Main এবং WBCS, 2020 (Prelims+Mains)-এর জন্য Sunday কোর্সে ভর্তি শুরু হল। ক্লাস শুরু 3rd মার্চ থেকে কলকাতায়। বিস্তারিত জানতে দেখুন: www.siclasses.com Mobile/WhatsApp: 90514 19808

# শিল্পজিজ্ঞাসা

**‘কর্মক্ষেত্র’-য় ‘স্বনির্ভরতার নানা পথ’ দেখে পথে নামার কথা ভাবছেন? নিজে পথে না নেমে কিন্তু কোনও ব্যবসার সবক’টি দিক জানা সম্ভব নয়। প্রদীপ জ্বালানোর আগে সলতে পাকানোর মতো এ হল ব্যবসা শুরুর আগের ধারণা তৈরির পর্ব। শুরুর আগে বা পরে কোনও জিজ্ঞাসা জাগলে ‘শিল্পজিজ্ঞাসা’ বিভাগে চিঠি লিখুন।**

□ *ইউরোপে আম রপ্তানির ব্যাপারে কোথা থেকে তথ্য-পরামর্শ পেতে পারি? —সুরঞ্জন ঘোষ, ইংরেজবাজার, মালদা।*

□□ আম রপ্তানি-সংক্রান্ত তথ্য-পরামর্শের জন্য যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: এগ্রিকালচারাল অ্যান্ড প্রসেসড ফুড প্রোডাক্টস এক্সপোর্ট ডেভেলপমেন্ট অথরিটি। সংস্থার কলকাতা কার্যালয়ের ঠিকানা: ময়ূখ ভবন, সল্টলেক, কলকাতা-৯১। ফোন: (০৩৩) ২৩৩৭-৮৩৬৩।

□ *রপ্তানির ব্যবসায় আগ্রহী। প্রস্তুতির ধাপগুলি সম্পর্কে জানতে চাই। —অনুপ মণ্ডল, শালিমার, হাওড়া।*

□□ প্রস্তুতির পর্যায়ক্রমিক ধাপগুলি হল: প্যান কার্ড তৈরি অর্থাৎ প্যান নম্বর সংগ্রহ, পুরসভা বা পঞ্চায়েত থেকে ট্রেড লাইসেন্স সংগ্রহ, বিদেশি মুদ্রা বিনিময়ের সুবিধাযুক্ত কোনও ব্যাঙ্কে কারেন্ট অ্যাকাউন্ট খোলা, এক্সপোর্ট লাইসেন্স সংগ্রহ, এক্সপোর্ট প্রমোশন কাউন্সিল থেকে রেজিস্ট্রেশন-কাম-মেম্বারশিপ সার্টিফিকেট সংগ্রহ, বাজার সমীক্ষা, রপ্তানিযোগ্য পণ্য চিহ্নিতকরণ এবং তার নিয়মিত সরবরাহ পাওয়া এবং সরবরাহ করার ব্যবস্থা নিশ্চিত করা, বায়ারের সঙ্গে যোগাযোগ করা, প্রয়োজনে মূল্য উল্লেখ করে বায়ারের কাছে পণ্যের নমুনা বা ফটো পাঠানো, অর্ডার সংগ্রহ, ব্যাঙ্কে এল সি (লেটার অব ক্রেডিট) খোলা, পণ্য রপ্তানি এবং মূল্য হস্তগত করা। এই হল পূর্ণাঙ্গ প্রক্রিয়া।

□ *হোমস্টে তৈরির ব্যাপারে কোথা থেকে তথ্য পাব? —স্নিগ্ধা বসু, কালনা, বর্ধমান।*

□□ কেন্দ্রীয় সরকারের পর্যটন বিভাগ কর্তৃক স্বীকৃত হোমস্টে তৈরির ব্যাপারে প্রয়োজনীয় তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: ইন্ডিয়া ট্যুরিজম, ৪, এমব্যাসি বিল্ডিং, শেক্সপিয়ার সরণি (মিডলটন রো), কলকাতা-৭১। ফোন: (০৩৩) ২২৮২-৫৮১৩। গুগলে ‘Incredible India Bed & Breakfast Guidelines’ লিখে সার্চ করলে সরকার স্বীকৃত হোমস্টে-র মর্যাদা পাওয়ার শর্তাবলি পাবেন। একইসঙ্গে পাওয়া যাবে আবেদনের ফর্মও।

□ *মশা তাড়ানোর ভেষজ ধূপকাঠি তৈরি করতে চাই। কোথায় শেখানো হয় জানতে চাই। —গৌতম কুণ্ডু, মধ্যমগ্রাম, উত্তর ২৪ পরগনা।*

□□ স্বনিযুক্তি-সহায়ক সংস্থা প্রগতিতে মশা তাড়ানোর ভেষজ ধূপকাঠি তৈরি শেখানো হয়। ঠিকানা: প্রগতি, নর্থ ঘোষপাড়া গ্যাসপিট রোড, বালি, হাওড়া। ফোন: ২৬৭১-০২৯২।

**RABINDRA BHARATI UNIVERSITY**
**School of Languages and Culture**
56A, B.T. ROAD, KOLKATA-700 050

RB/REG/78/2019
Date: 15/02/2019

**Notice**

Admissions open for Language Courses.
Please Visit www.rbu.ac.in

Registrar

**RUBY GENERAL HOSPITAL**
NABH Accredited Multispeciality Hospital
Since 1995

**Certificate Course for Health & Ward Assistant**
**Male and Female candidate can apply**

Course Fee : Rs.10,000.00 pm
Stipend : Rs.5,000.00 pm
Age Limit : 18 - 26 years
Eligibility : 10 + 2 (Higher Secondary)

Course will be Started from March, 2019. Apply within 7 days. Send your CV to: hr@rubyhospital.com

SAMSUNG

CTTC
ISO 9001 : 2015
OHSAS 18001 : 2007
CERTIFIED

**কেন্দ্রীয় সংস্থায় কারিগরি ট্রেনিং**

কেন্দ্রীয় সরকারের প্রতিষ্ঠান এম.এস.এম.ই টুলরুম (কলকাতা) কিছু কোর্সে প্রশিক্ষন দেবে। মহিলা, প্রতিবন্ধী, দারীদ্রসীমার নীচে (BPL) তালিকাভুক্ত প্রার্থীদের জন্য সম্পূর্ণ নিখরচায় এবং তপোসিলি জাতি এবং তপোসিলি উপজাতি প্রার্থীদের জন্য কেবলমাত্র রেজিস্ট্রিশনের খরচ লাগবে। শিক্ষাগত যোগ্যতা উচ্চ মাধ্যমিক / ভোকেশনাল ট্রেডস্ / আই.টি.আই / ডিপ্লোমা / বি.এ / বি.এস.সি. / বি.কম ও অন্যান্য।

কোর্সের নাম ও ফি : ১. Handheld Phone-HHP (Tablets, Mobile Phone, Smart Phone) etc. NSQF Level-5 কোর্স ৩ মাস, ফি-১৫০০০/- (P) 8348857182 / 9038578065 / 9933727014
২. Audio Video-AV (LED, LCD,Plasma TV, Home Theater With Blueray Player) etc. NSQF Level-5 কোর্স ৩ মাস, ফি-১৫০০০/- (P) 8017418603 / 9038578065 / 9933727014
৩. Room Air Conditioner & Home Appliances - RACHA (Split AC, Conventional & Inverter Model, Refrigerator, Washing Machine, Microwave Oven etc.) NSQF Level-5 কোর্স ৪ মাস, ফি-২০০০০/- (P) 9477373445 / 9038578065 / 9933727014

**গুরুত্বপূর্ণ তথ্য**

✦ প্রত্যেকটি ব্যাচের প্রথম স্থানাধিকারিকে শর্তানুযায়ী ২০,০০০ টাকা মেধাভিত্তিক পুরস্কার দেওয়া হয়।
✦ থিওরি, প্র্যাকটিক্যাল ও Onsite প্রশিক্ষণ পরিচালিত করা হয় CTTC Kolkata এবং Samsung India Electronics Pvt. Ltd. -এর সার্ভিস সেন্টারে।
✦ মেয়ে এবং ছেলে উভয়ের জন্যই (টাকার বিনিময়ে) পৃথক পৃথক হোস্টেলের ব্যবস্থা আছে।
✦ সীমিত স্থান ফাঁকা রয়েছে আগে আসলে আগে ভর্তি।

অনলাইনে Payment বা অন্যান্য খবর জানতে আমাদের Website : www.msmetoolroomkolkata.com

আমাদের Placement report 100% এই Course সম্পূর্ণ করার পর।

প্রতিষ্ঠানের ঠিকানা - এম.এস.এম.ই (কলকাতা), বনহুগলী, ইন্ডাসষ্ট্রিয়াল এরিয়া, ডানলপ বাসস্ট্যান্ডের নিকট, কলকাতা-১০৮
E-mail : cttc@cal.vsnl.net.in

ভর্তির জন্য সরাসরি যোগাযোগ করুন।

banglajobgude.bogspot.com Join http://t.me/BanglaJobGude http://t.me/BangoSongbad



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

**নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।**



*যদি ব্যবসা করো, তবে অখুশি ক্রেতারাই হবেন তোমার মূল্যবান শিক্ষার উৎস।*
*— বিল গেটস*
*(মাইক্রোসফট কর্পোরেশনের প্রতিষ্ঠাতা)*

*✓ আমি ইংরেজি অনার্স শেষ করার পরে ২ বছরের ডি এল এড করেছি। আমি প্রাথমিক ও উচ্চপ্রাথমিক স্তরের সেন্ট্রাল টিচার এলিজিবিলিটি টেস্টে বসতে পারব কি? এই পরীক্ষায় সফল হলে চাকরির সুযোগ কেমন? পশ্চিমবঙ্গের মধ্যে চাকরি হতে পারে কি?*
*সুদেষ্ণা মজুমদার, ইছাপুর, উত্তর ২৪ পরগনা।*

□ আপনি প্রাথমিক ও উচ্চপ্রাথমিক— উভয় স্তরের পরীক্ষাতেই বসতে পারবেন। তবে প্রাথমিক স্তরের পরীক্ষায় বসার জন্য উচ্চমাধ্যমিকে অন্তত ৫০ শতাংশ নম্বর থাকতে হবে। সেন্ট্রাল টিচার এলিজিবিলিটি টেস্টে সফল হলে কেন্দ্রীয় বিদ্যালয়, নবোদয় বিদ্যালয়ের মতো কেন্দ্রীয় সরকারের আওয়াতাধীন স্কুলগুলিতে শিক্ষকতা করার ছাড়পত্র পাওয়া যায়। এ ছাড়া চন্ডিগড়, লাক্ষাদ্বীপ, আন্দামান নিকোবর, দমন ও দিউ, দাদরা ও নগর হাভেলি এবং দিল্লি প্রশাসনের অধীন স্কুলগুলিতে শিক্ষকতার যোগ্যতামান যাচাই হয় এই পরীক্ষার মাধ্যমে। রেল, ডি ভি সি প্রভৃতির মতো রাষ্ট্রায়ত্ত বিভিন্ন সংস্থার স্কুলেও শিক্ষকতা করা যায় এই পরীক্ষার সার্টিফিকেট থাকলে। বিভিন্ন বেসরকারি স্কুলেও এই সার্টিফিকেট গণ্য হয়। ফলে এই পরীক্ষার সার্টিফিকেট থাকলে বিভিন্ন ক্ষেত্রেই শিক্ষকতার চাকরির সুযোগ রয়েছে।

পশ্চিমবঙ্গের কেন্দ্রীয় বিদ্যালয় এবং নবোদয় বিদ্যালয়গুলিতে চাকরির সুযোগ আছে। যেসব বেসরকারি স্কুলে এই পরীক্ষার স্কোর গণ্য হয়, সেখানেও চাকরি হতে পারে।

***এখনই আবেদন করতে পারেন:*** সেন্ট্রাল টিচার এলিজিবিলিটি টেস্ট ৭ জুলাই। পরীক্ষায় বসার জন্য এখনই আবেদন করা যাচ্ছে। ডি এল এড বা বি এড-এর মতো শিক্ষকতার যোগ্যতা থাকলে উচ্চমাধ্যমিক ও স্নাতকরা পরীক্ষায় বসার জন্য আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ১৩ ফেব্রুয়ারি সংখ্যায় 'সেন্ট্রাল টিচার এলিজিবিলিটি টেস্ট ৭ জুলাই' শীর্ষক সংবাদে এই পরীক্ষা-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে ৪ মার্চের মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ctet.nic.in

---

পরবর্তী সেন্ট্রাল টিচার এলিজিবিলিটি টেস্ট ৭ জুলাই। পরীক্ষায় বসার জন্য এখনই আবেদন করা যাচ্ছে। ডি এল এড বা বি এড-এর মতো শিক্ষকতার যোগ্যতা থাকলে উচ্চমাধ্যমিক ও স্নাতকরা পরীক্ষায় বসার জন্য আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ১৩ ফেব্রুয়ারি সংখ্যায় 'সেন্ট্রাল টিচার এলিজিবিলিটি টেস্ট ৭ জুলাই' শীর্ষক সংবাদে এই পরীক্ষা-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে।

---

*✓ আমি রাষ্ট্রবিজ্ঞানের অনার্স গ্র্যাজুয়েট। বর্তমানে কম্পিউটার অ্যাপ্লিকেশনের ডিপ্লোমা কোর্স করছি। অনার্সে ৫৬ শতাংশ নম্বর আছে। আমি কোন কোন চাকরির পরীক্ষার জন্য আবেদন করতে পারব?*
*রাহুল দাশ, শেওড়াফুলি, হুগলি।*

□ আপনি স্নাতক যোগ্যতার বিভিন্ন চাকরির জন্যই আবেদন করতে পারবেন। প্রবণতা ও ক্ষমতা অনুসারে কয়েকটি চাকরি বাছাই করে সেগুলির পরীক্ষার জন্য প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** ৮১৯জন ফেসিলিটি ম্যানেজার (গ্রেড-থ্রি) নেবে পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর। যে-কোনও শাখার গ্র্যাজুয়েট হলেই এই পদের জন্য আবেদন করা যাবে। 'কর্মক্ষেত্র'-র ৩০ জানুয়ারি সংখ্যায় এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে ১৪ থেকে ২৫ ফেব্রুয়ারির মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhrb.in এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: R/F.Mgr./62(1)2019.

১৫৫জন জুনিয়র সুপারিন্টেন্ডেন্ট নেবে সেন্ট্রাল ওয়্যারহাউজিং কর্পোরেশন। যে কোনও শাখার স্নাতকরা আবেদন করতে পারেন। ১৬ মার্চের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.cewacor.nic.in 'কর্মক্ষেত্র'-র ১৩ ফেব্রুয়ারি সংখ্যায় 'ওয়্যারহাউজিং কর্পোরেশনে ৫৬৭' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে।

---

১৫৫জন জুনিয়র সুপারিন্টেন্ডেন্ট নেবে সেন্ট্রাল ওয়্যারহাউজিং কর্পোরেশন। যে কোনও শাখার স্নাতকরা আবেদন করতে পারেন। ১৬ মার্চের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.cewacor.nic.in

---

কিছু অফিস-অ্যাসিস্ট্যান্ট নেবে যোধপুরের অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস (এইমস)। 'কর্মক্ষেত্র'-র ৬ ফেব্রুয়ারি সংখ্যায় 'যোধপুর এইমসে ১০৪' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। আপনি আবেদন করতে পারেন। অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.aiimsjodhpur.edu.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১০ মার্চ। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: Admn.Estt/04/2018-AIIMS.JDH.

***পরে আবেদন করতে পারবেন:*** পশ্চিমবঙ্গ সরকারে অফিসার গ্রেডের চাকরির জন্য মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষায় বসতে পারেন। পশ্চিমবঙ্গ সরকারের অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামিং অফিসার পদে আবেদন করতে পারবেন। কেন্দ্রীয় সরকারের অফিসার গ্রেডের চাকরির জন্য কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষায় বসতে পারবেন। রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলির অ্যাসিস্ট্যান্ট পদের পরীক্ষায় বসতে পারবেন। মাধ্যমিকে অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে পশ্চিমবঙ্গের পুরসভা, জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতিগুলিতে অ্যাসিস্ট্যান্ট বা সহায়ক পদে আবেদন করতে পারবেন। স্নাতকে প্রথম শ্রেণির নম্বর থাকলে রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার পদে আবেদন করতে পারবেন। ভালো প্রস্তুতি নিয়ে ব্যাঙ্কের ক্লার্ক বা প্রবেশনারি অফিসারের পরীক্ষাতে বসতে পারেন। একটু সময় নিয়ে প্রস্তুতি নেওয়ার সুযোগ থাকলে ডব্লু বি সি এস পরীক্ষায় বসার কথা ভাবতে পারেন।

*✓ ইতিহাসের অনার্স গ্র্যাজুয়েট। কম্পিউটারের ৬ মাসের সার্টিফিকেট কোর্স করেছি। কাজ চালানোর মতো টাইপিং জানি। আমি সেক্রেটারিয়াল প্র্যাক্টিসের ট্রেনিং নিতে পারি কি? হাতে-কলমে কাজ শিখতে চাই। কোনও সুযোগ আছে কি?*
*প্রেরণা সরকার, ফুলবাগান, কলকাতা।*

□ বর্তমানে কোনও কোনও রাষ্ট্রায়ত্ত সংস্থা সেক্রেটারিয়াল প্র্যাক্টিসের অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দিচ্ছে। আপনি এই ট্রেনিং নেওয়ার জন্য আবেদন করতে পারবেন।

***এখনই আবেদন করতে পারেন:*** ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন সংস্থার বিভিন্ন কেন্দ্রে সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্টের অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে। আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ১৩ ফেব্রুয়ারি সংখ্যায় 'ইন্ডিয়ান অয়েলে ২৬৯ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং' শীর্ষক সংবাদে এই প্রশিক্ষণ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে ৮ মার্চের মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iocl.com অনলাইন সাবমিট করার পরেই সেটির এককপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। যে কেন্দ্র তথা রিফাইনারিতে ট্রেনিং নেওয়ার জন্য আবেদন করবেন তার ঠিকানায় দরখাস্তের প্রিন্টআউট পৌঁছতে হবে ২২ মার্চের মধ্যে।

'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, এরকম ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি প্রকাশিত হলে 'কর্মক্ষেত্র'-য় সে-খবর জানানো হবে।

## নতুন প্রজন্মের ছেলেমেয়েরা নানা উদ্ভাবনী ব্যবসায় এগিয়ে আসছেন



সোমনাথ রায়চৌধুরী
সেন্টার হেড, ন্যাশনাল স্মল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, প্রগতি-ট্রেনিং-কাম ইনকিউবেশন সেন্টার

'স্টার্ট আপ' শব্দবন্ধটি এখন বহুল প্রচলিত। নতুন ব্যবসায়িক উদ্যোগ বা স্টার্ট আপ এখন নানাভাবে সহায়তা পাচ্ছে। বেশিরভাগ শিক্ষিত ছেলেমেয়ে চাকরি করেন। করবেনও। পাশাপাশি ব্যবসাকেই কেরিয়ার হিসেবে গড়ে তোলার লক্ষ্যে উদ্যোগী হয়েছেন, নতুন প্রজন্মের এমন ছেলেমেয়ের সংখ্যাও নেহাত কম নয়। সরকারি নানা সংস্থাও ব্যবসার প্রশিক্ষণ দিতে এগিয়ে এসেছে। পাল্টে যাচ্ছে ব্যবসা-সংক্রান্ত পুরনো ধারণাগুলো। আগে আমরা দেখতাম, দীর্ঘদিন ধরে চাকরির চেষ্টা চালিয়ে ব্যর্থ হওয়ার পরে অনেকে ব্যবসায় ঝুঁকতেন। এই প্রবণতার একেবারেই অবসান ঘটে গেছে, এমন দাবি করব না। কিন্তু বর্তমান প্রজন্মের ছেলেমেয়েরা বেশ ভাবনাচিন্তা করেই ব্যবসায় আসছেন। শুধু টিকে থাকা নয়, নতুন নতুন পথে ব্যবসার প্রসার ঘটানোর পরিকল্পনা ছকেই তাঁরা ব্যবসায় নামছেন।

শিক্ষা, উদ্ভাবনী ক্ষমতা, কৃৎকৌশল এখনকার ছেলেমেয়েদের ব্যবসার প্রধান হাতিয়ার। তারপর পুঁজির প্রশ্ন। অনেক ব্যবসা আছে যার জন্য প্রচুর পুঁজির দরকার হয় না। প্রয়োজন হয় টেকনিক্যাল জ্ঞানের আর যথার্থ পরিকল্পনার। কম্পিউটার, ইন্টারনেট, সোশ্যাল নেটওয়ার্কিং, ই-কমার্সের মতো মাধ্যমগুলিকে ব্যবহার করে প্রচুর ছেলেমেয়ে অত্যন্ত ভালো ব্যবসা করছেন। ব্যবসার পরিধি নির্দিষ্ট একটি অঞ্চল থেকে সারা পৃথিবী।

আপনার তৈরি করা বা সংগৃহীত পণ্য, সে পোশাক হতে পারে, অলঙ্কার হতে পারে বা খাদ্যদ্রব্য অথবা আপনার পরিষেবা, বিপণনের ক্ষেত্রটা এখন বিস্তৃত। কতখানি অঞ্চল জুড়ে আপনি আপনার পণ্য বা পরিষেবার বিপণন করবেন তা নির্দিষ্ট করার জন্য যথার্থ পরিকল্পনার দরকার হয়।

শিক্ষিত হলে চাকরিটাই করতে হবে, এই যে আমাদের সামাজিক নিদান, তার ঘেরাটোপ থেকে বেরিয়ে এসে এ যুগের যে-সব ছেলেমেয়ে চ্যালেঞ্জ নিয়ে ব্যবসার উদ্যোগ নিচ্ছেন তাঁদের বাহবা প্রাপ্য। ছোট, মাঝারি ব্যবসার সঙ্গে শুধু প্রধান উদ্যোগীই নন, যুক্ত থাকেন আরও কিছু মানুষ। ছোট আকারের ব্যবসা একইসঙ্গে গুরুত্বপূর্ণ আর্থ-সামাজিক দায়িত্ব পালন করে। সারা পৃথিবীর ক্ষেত্রেই একথা প্রযোজ্য।

আমাদের প্রতিষ্ঠানে ব্যবসামুখী নানা প্রশিক্ষণ দেওয়া হয়। আমরা লক্ষ করে দেখেছি, পঁচিশ-তিরিশ, পঞ্চাশ হাজার টাকার পুঁজি নিয়েও প্রশিক্ষিত অনেকে ব্যবসা শুরু করে বুদ্ধি দিয়ে, পরিশ্রম করে সেই ব্যবসাকে এগিয়ে নিয়ে চলেছেন দক্ষতার সঙ্গে।

কী লাগে ব্যবসা করার জন্য? প্রথমত ব্যবসার অদম্য আগ্রহ। তারপর দরকার হবে সাহসের। যে-কোনও ব্যবসার ক্ষেত্রেই এই আগ্রহী ও সাহসী মানসিকতার দরকার। তারপরে ব্যবসা-অনুসারী পরিকল্পনা এবং পরিশ্রম করে সেই পরিকল্পনার রূপায়ণ। হ্যাঁ, পুঁজির দরকার রয়েছে। কিন্তু শুধু পুঁজি দিয়ে ব্যবসা হয় না। নিজের পুঁজি না থাকলে সরকারি ঋণ-সহায়ক প্রকল্পগুলি থেকে ঋণ পাওয়ার সুযোগ আছে। কিন্তু আগ্রহ, সাহস আর জেদটাকে কেউ সরবরাহ করবে না। বাস্তব চিত্রটা হল, চাকরি সীমিত। উল্টোদিকে স্বনির্ভরতার বিষয়টি নির্ভর করে আপনার উপরেই। তবে না-জেনেবুঝে ব্যবসায় ঝাঁপিয়ে পড়লে চলে না। একটা চাকরির লক্ষ্যে যেমন দীর্ঘদিন ধরে প্রস্তুতি নিতে হয়, একটা ব্যবসার ব্যাপারেও তা-ই। যথাযথ প্রস্তুতি ও উদ্যোগ থাকলেও ব্যবসাতেও সাফল্য পাওয়া যায়।

---

ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন সংস্থার বিভিন্ন কেন্দ্রে সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্টের অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে। 'কর্মক্ষেত্র'-র ১৩ ফেব্রুয়ারি সংখ্যায় 'ইন্ডিয়ান অয়েলে ২৬৯ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং' শীর্ষক সংবাদে এই প্রশিক্ষণ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে।

---

*✓ ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা করেছি। চাকরির চেষ্টা চলছে। চাকরির খবর দেবেন।*
*অরিন্দম মাইতি, হালতু, কলকাতা-৭৮।*

□ ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমাধারীদের চাকরির বাজার ভালোই। চাকরির পরীক্ষার জন্য প্রস্তুত থাকুন।

***পরে আবেদন করতে পারেন:*** ইন্ডিয়ান অয়েল, বি এস এন এল, সেইল, ভেল, শিপইয়ার্ড, কোলইন্ডিয়া প্রভৃতির মতো বিভিন্ন রাষ্ট্রায়ত্ত সংস্থায় সময়ে সময়ে ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমাধারীদের নিয়োগ করা হয়ে থাকে। ম্যানুফ্যাকচারিং এবং প্রোডাকশন সংস্থাগুলিতে এই শাখার ইঞ্জিনিয়ারদের চাহিদা বেশি। আপনি রেলের জুনিয়র ইঞ্জিনিয়ার পদেও আবেদন করতে পারবেন। আগ্রহ থাকলে রেলের অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদেও আবেদন করতে পারবেন। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, আরও চাকরির খবর পাবেন।

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

**কর্মক্ষেত্র কর্মসহায়ক**

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।
**আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।**

✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: kurmakshetra@swarnakshar.in

banglajobgude.bogspot.com Join http://t.me/BanglaJobGude http://t.me/BangoSongbad



এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

# জীবিকাজিজ্ঞাসা

## ইউ পি এস সি

□ *ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের 'সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সেস (অ্যাসিস্ট্যান্ট কম্যান্ডান্টস) এক্সামিনেশন' পরীক্ষার মাধ্যমে কোন কোন কেন্দ্রীয় পুলিশ বাহিনীতে নিয়োগ করা হয়ে থাকে? প্রার্থী বাছাই প্রক্রিয়া সম্পর্কে জানাবেন। —পিনাকী ভট্টাচার্য, জলুইডাঙা, পূর্ব বর্ধমান।*

□□ ইউ পি এস সি-র 'সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সেস (অ্যাসিস্ট্যান্ট কম্যান্ডান্টস এক্সামিনেশন' পরীক্ষার মাধ্যমে সাধারণত পাঁচ কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনীতে নিয়োগ করা হয়ে থাকে— বর্ডার সিকিউরিটি ফোর্স, সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্স, সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স ও ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ ও সশস্ত্র সীমা বল। প্রার্থী বাছাই হয় তিনটি পর্যায়ে। প্রথম পর্যায়ে থাকে ৪৫০ নম্বরের লিখিত পরীক্ষা। পরীক্ষার প্রথম পত্রে থাকে জেনারেল এবিলিটি এবং ইন্টেলিজেন্স সংক্রান্ত প্রশ্ন। ২৫০ নম্বরের অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হয়। সময়সীমা ২ ঘণ্টা। দ্বিতীয় পত্রে থাকে জেনারেল স্টাডিজ, এসে এবং কম্প্রিহেনশন সংক্রান্ত প্রশ্ন। ২০০ নম্বরের বিষয়ভিত্তিক এই পত্রের জন্য মোট সময়সীমা ৩ ঘণ্টা। দ্বিতীয় পর্যায়ে থাকে দৈহিক সক্ষমতার পরীক্ষা। এই পর্যায়ে থাকে: (১) ১৬ সেকেন্ডে ১০০ মিটার দৌড়। (২) ৩ মিনিট ৪৫ সেকেন্ডে ৮০০ মিটার দৌড়। (৩) ৩.৫ মিটার লং জাম্প। (৪) ৭.২৬ কেজি ওজনের শটপাট ছুড়তে হবে ৪.৫ মিটার দূরত্বে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় উত্তীর্ণদের মেডিক্যাল টেস্টের জন্য ডাকা হবে। তৃতীয় পর্যায়ে থাকে মোট ১৫০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট। ওয়েবসাইট: www.upsc.gov.in

## পি এস সি

□ *পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে 'ডব্লু বি সি এস (এক্সিকিউটিভ) এক্সামিনেশন, ২০১৭'-র গ্রুপ ডি পোস্টে নিয়োগের পার্সোন্যালিটি টেস্ট কবে হবে? —অনির্বাণ ঘোষ, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে 'ডব্লু বি সি এস (এক্সিকিউটিভ) এক্সামিনেশন, ২০১৭'-র গ্রুপ ডি পোস্টে নিয়োগের পার্সোন্যালিটি টেস্ট শুরু হবে ১৯ ফেব্রুয়ারি থেকে। অ্যাডমিট কার্ড ডাউনলোড-সহ বিশদ তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.pscwbonline.gov.in

## কোর্স, ট্রেনিং

□ *আই আই টি খড়্গপুরে এল এল বি কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —স্বরূপ মিত্র, তারকেশ্বর, হুগলি।*

□□ ইন্টেলেকচুয়াল প্রপার্টি রাইটসে স্পেশ্যালাইজেশন-সহ আইনের স্নাতক (এল এল বি) কোর্সে ভর্তি নিচ্ছে খড়্গপুরের ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজির রাজীব গান্ধী স্কুল অব ইন্টেলেকচুয়াল প্রপার্টি ল। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় বি ই বা বি টেক। মেডিসিনে স্নাতক ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। বিজ্ঞান শাখায় বা ফার্মাসি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি থাকলেও আবেদন করা যাবে। ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বা মেডিসিন বা ফার্মাসি বা বিজ্ঞান বিষয়ে এম বি এ ডিগ্রি থাকলেও আবেদনের যোগ্য। সব ক্ষেত্রেই অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। একটি প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা হবে ২০ এপ্রিল, সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত। লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে ইংলিশ (৬০ নম্বর), লজিক্যাল রিজনিং (২০ নম্বর), ম্যাথমেটিক্যাল এবিলিটি (১৫ নম্বর), বেসিক সায়েন্স (৩৫ নম্বর) এবং লিগ্যাল অ্যাপ্টিটিউড (৭০ নম্বর) বিষয়ে। ইন্টারভিউ ২০ ও ২১ এপ্রিল। ১৫ মার্চের মধ্যে অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iitkgp.ac.in ফি বাবদ অনলাইনে দিতে হবে ২,৫০০ টাকা।

□ *রাজস্থানের ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ক্রাফটস অ্যান্ড ডিজাইনে মাস্টার অব ভোকেশনাল এডুকেশনে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —প্রেমেন্দু মণ্ডল, মালদা।*

□□ ক্রাফটস অ্যান্ড ডিজাইনের মাস্টার অব ভোকেশনাল এডুকেশন কোর্সে ভর্তি নেবে রাজস্থানের ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ক্রাফটস অ্যান্ড ডিজাইন। প্রার্থী বাছাই করা হবে একটি প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ১৪ এপ্রিল। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে। কোর্স শুরু হবে জুলাইয়ে। স্পেশ্যালাইজেশনের বিষয়গুলি হল: ফায়ার্ড মেটিরিয়াল স্পেশ্যালাইজেশন, হার্ড মেটিরিয়াল স্পেশ্যালাইজেশন, সফট মেটিরিয়াল স্পেশ্যালাইজেশন। মোট কোর্সের মেয়াদ ২ বছর। মোট আসনসংখ্যা: ৭৫। শিক্ষাগত যোগ্যতা: আর্কিটেকচার ও ডিজাইনে স্নাতক। অন্য বিষয়ের স্নাতকরাও আবেদনের যোগ্য। সে ক্ষেত্রে অতিরিক্ত ১ বছর মেয়াদের ফাউন্ডেশন প্রোগ্রাম ফর ডিজাইনের সার্টিফিকেট প্রোগ্রাম সম্পূর্ণ করতে হবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদনের যোগ্য। প্রার্থী বাছাই করা হবে একটি সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা নেওয়া হবে দু'টি পার্টে। পার্ট-এ পরীক্ষায় জেনারেল অ্যাওয়্যারনেস এবং ক্রিয়েটিভিটি অ্যান্ড পারসেপশন টেস্ট নেওয়া হবে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা। মেটেরিয়াল, কালার অ্যান্ড কনসেপচুয়াল টেস্ট নেওয়া হবে পার্ট বি-তে। পরীক্ষাকেন্দ্র জয়পুর। এর পর পার্সোন্যাল ইন্টারভিউ। পরীক্ষা জুনে। অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iicd.ac.in শেষ তারিখ ২৮ মার্চ। ফি বাবদ অনলাইন ব্যবস্থায় দিতে হবে ১,৫০০ টাকা।

## অন্যান্য চাকরি

□ *যোধপুর এইমসে মেডিক্যাল রেকর্ড টেকনিশিয়ান পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —সৌরভ পাল, ঝাড়গ্রাম।*

□□ যোধপুর এইমসে মেডিক্যাল রেকর্ড টেকনিশিয়ান পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মেডিক্যাল রেকর্ডসে বি এসসি। অথবা বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক, সঙ্গে মেডিক্যাল রেকর্ড কিপিংয়ে অন্তত ছয় মাস মেয়াদের ডিপ্লোমা বা সার্টিফিকেট কোর্স পাশ ও কোনও হাসপাতালে সংশ্লিষ্ট কাজে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। এর পাশাপাশি কম্পিউটারে বিশেষ করে অফিস অ্যাপ্লিকেশন, স্প্রেডশিট ও প্রেজেন্টেশনের জ্ঞান এবং প্রতি মিনিটে ৩৫টি ইংরেজি শব্দ বা ৩০টি হিন্দি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। বিশদে জানতে দেখুন এই ওয়েবসাইট: www.aiimsjodhpur.edu.in

□ *দিল্লি সরকারে স্টেনোগ্রাফার গ্রেড-টু পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —বিশাখা মাজি, কৃষ্ণনগর, নদিয়া।*

□□ দিল্লি সরকারে স্টেনোগ্রাফার গ্রেড-টু পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক, সঙ্গে ইংরেজিতে শর্টহ্যান্ডে প্রতি মিনিটে ৮০টি শব্দের দ্রুততা এবং ইংরেজিতে প্রতি মিনিটে ৪০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। অথবা হিন্দিতে শর্টহ্যান্ডে প্রতি মিনিটে ৮০টি শব্দের দ্রুততা এবং হিন্দিতে প্রতি মিনিটে ৩৫টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। কম্পিউটারের জ্ঞান থাকলে অগ্রাধিকার। প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষাকেন্দ্র দিল্লি। লিখিত পরীক্ষা নেওয়া হবে দু'টি পর্যায়ে— টিয়ার-ওয়ান এবং টিয়ার-টু। টিয়ার-ওয়ান পরীক্ষায় প্রশ্ন হবে জেনারেল অ্যাওয়্যারনেস, জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং এবিলিটি, অ্যারিথমেটিক্যাল অ্যান্ড নিউমেরিক্যাল এবিলিটি, হিন্দি এবং ইংলিশ ল্যাঙ্গুয়েজ ও কম্প্রিহেনশন বিষয়ে। টিয়ার-টু পরীক্ষায় প্রশ্ন হবে সংশ্লিষ্ট বিষয় এবং ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন বিষয়ে। নেগেটিভ মার্কিং আছে। ওয়েবসাইট: www.dsssbonline.nic.in

□ *রাজ্য পুলিশে কনস্টেবল পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা, দৈহিক মাপজোক থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই করা হবে কোন পদ্ধতিতে? —সমীরণ দাস, বারাসত, উত্তর ২৪ পরগনা।*

□□ রাজ্য পুলিশে কনস্টেবল পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। প্রার্থীকে বাংলা বলতে, পড়তে ও লিখতে জানতে হবে। এর পাশাপাশি, উচ্চতা হতে হবে অন্তত ১৬৭ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬০ সেমি)। বুকের ছাতি হতে হবে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৮ সেমি ও ৮৩ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬ সেমি ও ৮১ সেমি)। প্রার্থীর ওজন থাকতে হবে অন্তত ৫৭ কেজি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ৫৩ কেজি)। প্রার্থী বাছাই করা হবে প্রিলিমিনারি লিখিত পরীক্ষা, দৈহিক মাপজোক যাচাই, দৈহিক সক্ষমতার পরীক্ষা, ফাইনাল লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন। প্রিলিমিনারি লিখিত পরীক্ষায় অবজেকটিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে জেনারেল অ্যাওয়্যারনেস অ্যান্ড জেনারেল নলেজ (৫০ নম্বর), মাধ্যমিক স্তরের এলিমেন্টারি ম্যাথমেটিক্স (৩০ নম্বর) এবং রিজনিং (২০ নম্বর) বিষয়ে। পরীক্ষার সময়সীমা ১ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। দৈহিক মাপজোক যাচাইয়ের পরে দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৬ মিনিট ৩০ সেকেন্ডে ১৬০০ মিটার দৌড়। দৈহিক সক্ষমতার পরীক্ষায় উত্তীর্ণরা ফাইনাল লিখিত পরীক্ষা দেওয়ার সুযোগ পাবেন। ফাইনাল পরীক্ষায় অবজেকটিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে জেনারেল অ্যাওয়্যারনেস অ্যান্ড জেনারেল নলেজ (২৫ নম্বর), ইংলিশ (২৫ নম্বর), মাধ্যমিক স্তরের এলিমেন্টারি ম্যাথমেটিক্স (২০ নম্বর) এবং রিজনিং অ্যান্ড লজিক্যাল অ্যানালিসিস (১৫ নম্বর) বিষয়ে। নেগেটিভ মার্কিং আছে। লিখিত ফাইনাল পরীক্ষার মেধাতালিকা অনুযায়ী নির্বাচিত প্রার্থীদের ডাকা হবে ইন্টারভিউয়ের (১৫ নম্বর) জন্য। ওয়েবসাইট: www.wbpolice.gov.in

□ *পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশনের মাধ্যমে লাইব্রেরিয়ান পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —অভিমন্যু তালুকদার, ভগীরথপুর, মুর্শিদাবাদ।*

□□ পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশনের মাধ্যমে রাজ্য সরকারের সহায়তাপ্রাপ্ত ডিগ্রি কলেজ, টিচার্স ট্রেনিং কলেজ এবং ফিজিক্যাল এডুকেশন কলেজগুলিতে লাইব্রেরিয়ান পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ লাইব্রেরি সায়েন্স বা ইনফর্মেশন সায়েন্স বা ডকুমেন্টেশন সায়েন্স বা সমতুল বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। এর পাশাপাশি লাইব্রেরি সায়েন্সে নেট বা সেট বা স্লেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। সবক্ষেত্রেই তফসিলি, ও বি সি প্রার্থীরা স্নাতকোত্তর ডিগ্রির নম্বরে ৫ শতাংশ ছাড় পাবেন। যে-পি এইচ ডি ডিগ্রিধারীরা ১৯-৯-১৯৯১ তারিখের আগে স্নাতকোত্তর ডিগ্রি পেয়েছেন, তাঁরা স্নাতকোত্তর ডিগ্রির নম্বরে ৫ শতাংশ ছাড় পাবেন। ইউ জি সি রেগুলেশনস, ২০০৯ অনুসারে সংশ্লিষ্ট বিষয়ে পি এইচ ডি ডিগ্রিধারীদের নেট বা সেট বা স্লেট পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার বাধ্যবাধকতা নেই। যাঁরা ১১-৭-২০০৯ তারিখের আগে পি এইচ ডি-র জন্য নাম নথিভুক্ত করেছেন তাঁদেরও নেট বা সেট বা স্লেট পরীক্ষায় উত্তীর্ণ না হলেও চলবে। ২৮ ফেব্রুয়ারির মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbcsconline.in

## বি বি ধ

□ *সি-টেট পরীক্ষায় প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত শিক্ষক পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —বিনয় বিশ্বাস, আমতা, হাওড়া।*

□□ সি-টেট পরীক্ষায় প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত শিক্ষক পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক বা সমতুল। সেইসঙ্গে ২ বছরের ডিপ্লোমা ইন এলিমেন্টারি এডুকেশন (ডি এল এড) বা ৪ বছরের ব্যাচেলর অব এলিমেন্টারি এডুকেশন (বি এল এড) বা ২ বছরের ডিপ্লোমা ইন এডুকেশন (স্পেশ্যাল এডুকেশন)। অথবা মোট অন্তত ৪৫ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক এবং এন সি টি ই রেগুলেশনস, ২০০২ অনুসারে ২ বছরের ডিপ্লোমা ইন এলিমেন্টারি এডুকেশন। অথবা মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ গ্র্যাজুয়েট এবং ২ বছরের ব্যাচেলর অব এডুকেশন (বি এড)। ওয়েবসাইট: www.ctet.nic.in

নাম : ..............................

ঠিকানা : ..............................

..............................

..............................

আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

## চাই সুবিচার

আপনি কি চাকরির পরীক্ষা দিচ্ছেন? কোনও পেশাদারি কোর্স করছেন? নিজের উদ্যোগে ছোটখাটো কোনও ব্যবসা করছেন? কোনও অবিচারের সম্মুখীন হলে বা দুর্ভোগের শিকার হলে এই বিভাগে চিঠি লিখুন। উপযুক্ত তথ্য-প্রমাণ সহ সংক্ষেপে লিখবেন। আপনার চিঠি প্রকাশ করা হবে 'চাই সুবিচার' বিভাগে। চিঠিতে নিজের পুরো নাম-ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়:

চাই সুবিচার, 'কর্মক্ষেত্র', ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০০১৯

ই-মেল পাঠাতে পারেন এই ঠিকানায়: karmakshetra@swarnakshar.in

পাঠাতে পারেন ফেসবুকেও। এই ঠিকানায়: www.facebook.com/karmakshetra

## যুবশ্রী প্রকল্পে প্রার্থীদের চাকরি কবে হবে?

গত ২৩ জানুয়ারি 'কর্মক্ষেত্র' পত্রিকার 'চাই সুবিচার' বিভাগে 'এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক বা যুবশ্রী প্রকল্পে নাম নথিভুক্ত প্রার্থীরা চাকরি কবে পাবে?' শীর্ষক চিঠির পরিপ্রেক্ষিতে আমার কিছু বক্তব্য আছে। আমিও একজন বেকার যুবক। বি এসসি অনার্স পাশ। বয়স চল্লিশ ছুঁই ছুঁই। ২০১২ সালে আমি এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে নাম নথিভুক্ত করেছিলাম (এনরোলমেন্ট নম্বর ই বি ২০১২৮৩৩৭২২০২২)। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ঘোষণা করেছিলেন, এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে নাম নথিভুক্ত থাকলে মাসিক ভাতা পাওয়া যাবে। সেই মোতাবেক নাম নথিভুক্ত হওয়ার কয়েক মাস পর থেকেই যুবশ্রী প্রকল্প থেকে ১,৫০০ টাকা করে আমি নিয়মিত মাসিক ভাতা পাই। এই ভাতার জন্য আমার মতো লাখ লাখ বেকার যুবক-যুবতী মুখ্যমন্ত্রীর কাছে কৃতজ্ঞ। কিন্তু এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক চালুর সময় ভাতা-ঘোষণার পাশাপাশি, মুখ্যমন্ত্রী এ-কথাও জানিয়েছিলেন, যে সমস্ত বেকার যুবক-যুবতী যুবশ্রী প্রকল্পে ভাতা পাচ্ছেন, তাঁদেরকে শিক্ষাগত যোগ্যতা অনুসারে চাকরি দেওয়া হবে। এমন কী সরাসরি ইন্টারভিউয়ে ডাকার কথাও তখন তিনি বলেছিলেন। কিন্তু এ-যাবৎ তেমন কিছু হয়নি। চাকরি হওয়ার আশাও আমি আর দেখি না। আর মাত্র চার মাস পরেই আমার বয়স চল্লিশ হবে। তার পর আর কোনও সরকারি চাকরি আমি পাব না। মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে আমার সনির্বন্ধ আবেদন, দ্রুত আমাদের যদি কোনও চাকরির ব্যবস্থা করেন, তাহলে আমার মতো বেকার যুবতী-যুবতীরা আপনার কাছে চিরকৃতজ্ঞ থাকবে।

**শ্রীমন্ত ভট্টাচার্য, ময়ূরেশ্বর, বীরভূম।**

> **এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক চালুর সময় ভাতা-ঘোষণার পাশাপাশি, মুখ্যমন্ত্রী এ-কথাও জানিয়েছিলেন, যে সমস্ত বেকার যুবক-যুবতী যুবশ্রী প্রকল্পে ভাতা পাচ্ছেন, তাঁদেরকে শিক্ষাগত যোগ্যতা অনুসারে চাকরি দেওয়া হবে। এমন কী সরাসরি ইন্টারভিউয়ে ডাকার কথাও তখন তিনি বলেছিলেন। কিন্তু এ-যাবৎ তেমন কিছু হয়নি। চাকরি হওয়ার আশাও আমি আর দেখি না।**

## পশ্চিমবঙ্গের প্রাথমিক শিক্ষকদের বেতন-বৈষম্য কেন?

ভারতের অন্য রাজ্যগুলিতে প্রাথমিক শিক্ষকেরা সর্বভারতীয় বেতন-কাঠামো অনুযায়ী বেতন পেলেও পশ্চিমবঙ্গের প্রাথমিক শিক্ষক-শিক্ষিকারা উক্ত বেতন-কাঠামো অনুযায়ী বেতন পাওয়া থেকে দীর্ঘ দিন ধরেই বঞ্চিত। এক দিকে প্রাথমিক শিক্ষকেরা সর্বভারতীয় বেতন-কাঠানো অনুসারে বেতন পাচ্ছেন না, অন্যদিকে আবার রাজ্য সরকার দু'-আড়াই হাজার টাকায় সিভিক টিচার নিয়োগ করছে। রাজ্যের শিক্ষা ব্যবস্থাকে আরও বেশি করে বেসরকারি স্কুলের হাতে তুলে দিচ্ছে এই সরকার। সম্প্রতি রাজ্য বিধানসভায় অর্থমন্ত্রী অমিত মিত্রের পেশ করা রাজ্য বাজেটে প্রাথমিক শিক্ষকদের বেতনের বিষয়ে কোনও কথা উল্লেখই করা হয়নি। কোনও বরাদ্দই ধার্য করা হয়নি। সরকার আমাদের বেতন নিয়ে যে মোটেই চিন্তাভাবনা করছে না, এটা তারই প্রমাণ। উস্থি ইউনাইটেড প্রাইমারি টিচার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের তরফ থেকে আমরা ইতিমধ্যেই মাননীয় শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়ের কাছে আমাদের দাবিদাওয়া-সহ স্মারকলিপি জমা দিয়ে এসেছি। তিনি আমাদের অফিসে আসতে বলেও আমাদের সঙ্গে দেখা করেননি। বোঝাই যাচ্ছে, ওঁর কাছে আমাদের কোনও প্রশ্নের উত্তর নেই। আমাদের দাবি মানা না হলে আমরা বৃহত্তর আন্দোলনের পথে যাব।

**নাম ও ঠিকানা প্রকাশে অনিচ্ছুক।**

banglajobgude.bogspot.com Join http://t.me/BanglaJobGude http://t.me/BangoSongbad



## কী পড়বেন, কোথায় পড়বেন

### কল্যাণী বিশ্ববিদ্যালয়ে শারীরশিক্ষার স্নাতক কোর্সে ভর্তি



শারীরশিক্ষার স্নাতক কোর্সে ভর্তি নিচ্ছে কল্যাণী বিশ্ববিদ্যালয়। ব্যাচেলর অব ফিজিক্যাল এডুকেশন কোর্সটির মেয়াদ ২ বছর। ক্লাস শুরু হবে জুলাইয়ে। কোর্সটির বিজ্ঞপ্তি নম্বর ০২/১৯।

**আসনসংখ্যা:** ফিজিক্যাল এডুকেশন ডিপার্টমেন্ট, কল্যাণী বিশ্ববিদ্যালয়: ৫০টি। এর মধ্যে ৩৪টি আসন পুরুষ প্রার্থীদের জন্য এবং ১৬টি আসন মহিলা প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। প্রভারানি ইনস্টিটিউট অব এডুকেশন, মুর্শিদাবাদ: ৫০টি।

সরকারি নিয়মানুসারে তফসিলি প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে অ্যাসোসিয়েশন অব ইন্ডিয়ান ইউনিভার্সিটিজ বা ইন্ডিয়ান অলিম্পিক অ্যাসোসিয়েশন বা স্কুল গেমস ফেডারেশন অব ইন্ডিয়া দ্বারা স্বীকৃত কোনও আন্তঃকলেজ বা আন্তঃআঞ্চলিক বা জেলা বা স্কুল স্তরের ক্রীড়া-প্রতিযোগিতায় অংশগ্রহণ করে থাকতে হবে। অথবা মোট অন্তত ৪৫ নম্বর-সহ ফিজিক্যাল এডুকেশনে ব্যাচেলর্স ডিগ্রি। অথবা মোট অন্তত ৪৫ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক। স্নাতক স্তরে প্রার্থীকে আবশ্যিক বিষয় হিসেবে ফিজিক্যাল এডুকেশন পড়ে থাকতে হবে। অন্যথায়, স্বীকৃত কোনও জাতীয় বা আন্তঃবিশ্ববিদ্যালয় বা আন্তরাজ্য ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করে থাকতে হবে অথবা স্বীকৃত কোনও আন্তঃকলেজ বা আন্তঃআঞ্চলিক বা জেলা বা স্কুল স্তরের ক্রীড়া-প্রতিযোগিতায় প্রথম বা দ্বিতীয় বা তৃতীয় স্থান অধিকার করে থাকলেও আবেদন করতে পারেন। অথবা যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে স্বীকৃত কোনও জাতীয় বা আন্তঃবিশ্ববিদ্যালয় স্তরের ক্রীড়া প্রতিযোগিতায় প্রথম বা দ্বিতীয় বা তৃতীয় স্থান অধিকার করে থাকতে হবে। অথবা ৪৫ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে ৩ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

বয়স: ১-৭-২০১৯ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে প্র্যাক্টিক্যাল টেস্ট, লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। প্র্যাক্টিক্যাল টেস্ট ১৮ মার্চ থেকে ২০ মার্চ পর্যন্ত। লিখিত পরীক্ষা ১৯ মার্চ। নির্বাচিত প্রার্থীদের তালিকা ২৬ মার্চ প্রকাশিত হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.klyuniv.ac.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৭ মার্চ।

ফি বাবদ দিতে হবে ৩০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ১৫০ টাকা)। ফি দিতে হবে অনলাইনে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া কালেক্টের মাধ্যমে।

অনলাইন আবেদন ও প্রার্থী বাছাই পদ্ধতি-সহ খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## স্কলারশিপের খোঁজখবর

### এইচ পি উড়ান স্কলারশিপ প্রোগ্রাম ২০১৮-১৯

আর্থিক দিক দিয়ে পিছিয়ে পড়া ৭৫০ জন ছাত্রছাত্রীকে স্কলারশিপ দিচ্ছে এইচ পি ইনকর্পোরেশন ইন্ডিয়া। মোট স্কলারশিপের ৫০ শতাংশ মহিলা প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে।

**আবেদনের যোগ্যতা:** ২০১৮-র মাধ্যমিক পরীক্ষায় পাশ করে থাকতে হবে এবং এক বছর মেয়াদের ডিপ্লোমা বা আই টি আই কোর্স অথবা উচ্চমাধ্যমিক বা দু'বছর মেয়াদের ডিপ্লোমা বা আই টি আই কোর্সে পাঠরত হতে হবে। এ ছাড়া ২০১৮-র উচ্চমাধ্যমিক পরীক্ষা পাশ এবং তিন বছরের ডিপ্লোমা বা স্নাতক কোর্সে পাঠরতরাও আবেদনের যোগ্য। সব ক্ষেত্রেই শেষ দেওয়া পরীক্ষায় অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। এর পাশাপাশি বার্ষিক পারিবারিক আয় ৪ লাখের নীচে হতে হবে।

**স্কলারশিপের পরিমাণ:** এক বছর মেয়াদের ডিপ্লোমা বা আই টি আই কোর্সে পাঠরত ছাত্রছাত্রীদের ক্ষেত্রে বার্ষিক ২০,০০০ টাকা। উচ্চমাধ্যমিক বা ২ বছর মেয়াদের আই টি আই বা ডিপ্লোমা কোর্সে পাঠরতদের ক্ষেত্রে প্রতি বছরে ২০,০০০ টাকা এবং ৩ বছর মেয়াদের ডিগ্রি বা ডিপ্লোমা কোর্সে পাঠরতদের ক্ষেত্রে প্রতি বছরে ৩০,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/karma/HUS2 আবেদনের শেষ তারিখ ২৬ ফেব্রুয়ারি।

### এম পাওয়ার গ্লোবাল সিটিজেন স্কলারশিপ প্রোগ্রাম ২০১৯

আমেরিকা ও কানাডার তালিকাভুক্ত দ্বিশতাধিক শিক্ষাপ্রতিষ্ঠানে যে-কোনও বিষয়ে পূর্ণ সময়ের কোর্স করতে ইচ্ছুক ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে এম পাওয়ার ফিনান্সিং। স্কলারশিপ বাবদ দেওয়া হবে বার্ষিক ৫,০০০ আমেরিকান ডলার।

**আবেদনের যোগ্যতা:** আমেরিকা বা কানাডার নির্দিষ্ট তালিকাভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানে পড়ার সুযোগ পেয়ে থাকতে হবে। বয়স অন্তত ১৮ বছর হতে হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/karma/MGC1 আবেদনের শেষ তারিখ ১৫ এপ্রিল। শিক্ষাপ্রতিষ্ঠানের তালিকা পাবেন উপরোক্ত ওয়েবসাইটে।

*(তথ্য সহায়তা: buddy4study)*

## অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেসে স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি

নার্সিং এবং বিজ্ঞান শাখার বেশ কয়েকটি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে অল ইন্ডিয়ান ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস (এইমস)। ভর্তি নেওয়া হবে প্রতিষ্ঠানের নয়া দিল্লি-সহ বিভিন্ন ক্যাম্পাসে। এই প্রশিক্ষণের অ্যাডমিশন নোটিশ নম্বর ১০/২০১৯।

**কোর্সের বিবরণ: এম এসসি নার্সিং: শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল দ্বারা স্বীকৃত কোনও প্রতিষ্ঠান থেকে নার্সিংয়ে বি এসসি (অনার্স) বা বি এসসি (পোস্ট সার্টিফিকেট) বা পোস্ট বেসিক বা বি এসসি নার্সিং (৪ বছর)। সেই সঙ্গে যে-কোনও স্টেট নার্সিং কাউন্সিলে নার্স বা মিডওয়াইফ হিসেবে নাম নথিভুক্ত থাকতে হবে।

**এম.বায়োটেকনোলজি: শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ বায়োটেকনোলজিতে বি টেক বা ভেটেরিনারি সায়েন্স বা ফার্মাসি বা ফিজিও থেরাপিতে স্নাতক অথবা যে-কোনও শাখায় বি এসসি অথবা মোট অন্তত ৫৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ এম বি বি এস বা বি ডি এস।

**এম এসসি: পড়ানো হবে এই সব বিষয়ে:** অ্যানাটমি, বায়োকেমিস্ট্রি, বায়োফিজিক্স, ফিজিওলজি এবং ফার্মাকোলজি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ ভেটেরিনারি সায়েন্স বা ফার্মাসি বা ফিজিও থেরাপিতে স্নাতক অথবা যে-কোনও শাখায় বি এসসি অথবা মোট অন্তত ৫৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ এম বি বি এস বা বি ডি এস।

**পারফিউশন টেকনোলজি: শিক্ষাগত যোগ্যতা:** বায়োলজিতে বি এসসি। স্নাতকে অন্যতম বিষয় হিসেবে বটানি বা জুলজি পড়ে থাকতে হবে। অথবা পারফিউশন টেকনোলজিতে বি এসসি। **রিপ্রোডাকটিভ বায়োলজি অ্যান্ড ক্লিনিক্যাল এমব্রায়োলজি: শিক্ষাগত যোগ্যতা:** বায়োলজি বা সমতুল শাখায় বি এসসি। **নিউক্লিয়ার মেডিসিন টেকনোলজি: শিক্ষাগত যোগ্যতা:** নিউক্লিয়ার মেডিসিনে বি এসসি অথবা অন্যতম বিষয় হিসেবে ফিজিক্স বা কেমিস্ট্রি বা ম্যাথমেটিক্স পড়ে বি এসসি ডিগ্রি। রেডিও ডায়াগনসিস বা রেডিওথেরাপি বা সমতুল বিষয়ে বি এসসি ডিগ্রি থাকলেও আবেদন করা যাবে। অথবা লাইফ সায়েন্সে বি এসসি, স্নাতক স্তরে অন্যতম বিষয় হিসেবে ফিজিক্স পড়ে থাকলে আবেদন করতে পারেন। **কার্ডিওভাসকুলার ইমেজিং অ্যান্ড এন্ডোভাসকুলার টেকনোলজিস: শিক্ষাগত**



যোগ্যতা: রেডিওগ্রাফিতে বি এসসি।

প্রার্থী বাছাই করা হবে একটি প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। এম এসসি নার্সিং কোর্সে ভর্তির পরীক্ষা ১ জুন। এম এসসি এবং এম বায়োটেকনোলজি কোর্সে ভর্তির পরীক্ষা ২৯ জুন। পরীক্ষাসংক্রান্ত খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.aiimsexams.org

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.aiimsexams.org প্রথমে বেসিক রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের শেষ তারিখ ২১ ফেব্রুয়ারি। বেসিক রেজিস্ট্রেশনে কোনও ভুল হয়ে থাকলে তা সংশোধন করার সুযোগ পাওয়া যাবে ২৭ ফেব্রুয়ারি থেকে ৬ মার্চ পর্যন্ত। বেসিক রেজিস্ট্রেশনের পর ফাইনাল রেজিস্ট্রেশন করতে হবে। ফাইনাল রেজিস্ট্রেশনের জন্য কোড জেনারেট করা যাবে ১৪ মার্চ থেকে ২৫ মার্চ পর্যন্ত। ফাইনাল রেজিস্ট্রেশন করা যাবে ২৯ মার্চ থেকে ৫ এপ্রিল পর্যন্ত।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

পরীক্ষা এবং ফি-সংক্রান্ত বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সায়েন্সে স্নাতকোত্তর ডিগ্রি কোর্স



প্রোডাক্ট ডিজাইন অ্যান্ড ইঞ্জিনিয়ারিং এবং ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে বেঙ্গালুরুর ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সায়েন্স।

**কোর্সের বিবরণ: মাস্টার অব প্রোডাক্ট ডিজাইন অ্যান্ড ইঞ্জিনিয়ারিং: শিক্ষাগত যোগ্যতা:** অন্তত দ্বিতীয় শ্রেণির নম্বর-সহ ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি ডিজাইন বা আর্কিটেকচারে স্নাতক। সেই সঙ্গে ২০১৭, ২০১৮ বা ২০১৯-এর গেট পরীক্ষা অথবা ২০১৯-এর কমন এন্ট্রান্স এক্সামিনেশন ফর ডিজাইন পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

গেট বা কমন এন্ট্রান্স এক্সামিনেশন ফর ডিজাইন পরীক্ষায় প্রাপ্ত স্কোরের ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ডিজাইন অ্যাপ্টিটিউড টেস্ট এবং ইন্টারভিউয়ের মাধ্যমে।

**মাস্টার অব ম্যানেজমেন্ট: শিক্ষাগত যোগ্যতা:** অন্তত প্রথম শ্রেণির নম্বর-সহ বি ই বা বি টেক, সঙ্গে ২০১৭, ২০১৮ বা ২০১৯-এর গেট বা ২০১৮-র ক্যাট (কমন অ্যাডমিশন টেস্ট) বা জিম্যাট (গ্র্যাজুয়েট ম্যানেজমেন্ট অ্যাডমিশন টেস্ট) পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

গেট বা ক্যাট বা জিম্যাট পরীক্ষায় প্রাপ্ত স্কোরের ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে গ্রুপ ডিসকাশন এবং ইন্টারভিউয়ের মাধ্যমে।

তফসিলিদের ক্ষেত্রে পাশ নম্বর পেলেই আবেদন করা যাবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারবেন।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iisc.ac.in আবেদনের শেষ তারিখ ২৫ মার্চ। ফি বাবদ অনলাইনে দিতে হবে ৮০০ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০০ টাকা)। ফি দেওয়া যাবে নেট ব্যাঙ্কিং বা ডেবিট কার্ড বা ভিসা/মাস্টার ক্রেডিট কার্ডের মাধ্যমে।

আবেদনের পদ্ধতি-সহ খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## এক নজরে

### রিষড়া পুরসভায় চাকরি

পিওন, হেল্পার ও সুইপার পদে ২১ জনকে নেবে রিষড়া পুরসভা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 2900/VI. দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.rishramunicipality.org প্রয়োজনীয় নথিপত্র-সহ দরখাস্ত ৬ মার্চের মধ্যে পৌঁছতে হবে সংশ্লিষ্ট ঠিকানায়।

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### আলিপুরদুয়ারে স্বাস্থ্যকর্মী

নার্স (জি এন এম), মাল্টি রিহ্যাবিলিটেশন ওয়ার্কার, স্টাফ নার্স এবং ল্যাবরেটরি টেকনিশিয়ান পদে ৫ জনকে নেবে আলিপুরদুয়ার জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: DH&FWS/APD No/ 18-19/ 1447. দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইটগুলির যে-কোনও একটির থেকে: www.wbhealth.gov.in, www.alipurduar.gov.in, https://alipurduarhealth.org প্রয়োজনীয় নথিপত্র এবং ফি বাবদ ডিমান্ড ড্রাফট-সহ পূরণ করা দরখাস্ত ১ মার্চের মধ্যে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়। বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### এগরা পুরসভায় চাকরি

ক্লার্ক, ইলেক্ট্রিক মিস্ত্রি, হেল্পার এবং সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার পদে ৫ জনকে নেবে এগরা পুরসভা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: EM-1426/1/Recruitment-01/19. দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই দুই ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: www.wbdma.gov.in, www.egramunicipality.org.in পূরণ করা দরখাস্ত ৬ মার্চের মধ্যে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়। বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইটগুলি।

## রাজ্যে শতাধিক লাইব্রেরিয়ান

রাজ্য সরকারের সহায়তাপ্রাপ্ত ডিগ্রি কলেজ, টিচার্স ট্রেনিং কলেজ এবং ফিজিক্যাল এডুকেশন কলেজগুলিতে বেশ কিছু লাইব্রেরিয়ান নিয়োগ করবে পশ্চিমবঙ্গ সরকার। এই নিয়োগের অ্যাডভার্টাইজমেন্ট নম্বর ১/২০১৯। প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশন।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ লাইব্রেরি সায়েন্স বা ইনফর্মেশন সায়েন্স বা ডকুমেন্টেশন সায়েন্স বা সমতুল বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। এর পাশাপাশি লাইব্রেরি সায়েন্সে নেট বা সেট বা স্লেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

সবক্ষেত্রেই তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীরা স্নাতকোত্তর ডিগ্রির নম্বরে ৫ শতাংশ ছাড় পাবেন। যে-পি এইচ ডি ডিগ্রিধারীরা ১৯-৯-১৯৯১ তারিখের আগে স্নাতকোত্তর ডিগ্রি পেয়েছেন, তাঁরা স্নাতকোত্তর ডিগ্রির নম্বরে ৫ শতাংশ ছাড় পাবেন। ইউ জি সি রেগুলেশনস, ২০০৯ অনুসারে সংশ্লিষ্ট বিষয়ে পি এইচ ডি ডিগ্রিধারীদের নেট বা সেট বা স্লেট পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার বাধ্যবাধকতা নেই। যাঁরা ১১-৭-২০০৯ তারিখের আগে পি এইচ ডি করার জন্য নাম নথিভুক্ত করেছেন তাঁদেরও নেট বা সেট বা স্লেট পরীক্ষায় উত্তীর্ণ না হলেও চলবে।

**বয়স:** ১-১-২০১৯ তারিখে ৩৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছরের ছাড় পাবেন। দৈহিক প্রতিবন্ধীরা বয়সে ১০ বছরের ছাড় পাবেন। পি এইচ ডি ডিগ্রিধারীরা ৫ বছরের বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ১৫,৬০০-৩৯,১০০ টাকা। সঙ্গে অ্যাকাডেমিক গ্রেড পে ৬,০০০ টাকা।

প্রাথমিকভাবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbcsconline.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে ৫-৩০ কেবি সাইজের মধ্যে) এবং কালো কালিতে করা সই (জে পি জি

এরপর পনেরোর পাতায়

banglajobgude.bogspot.com Join http://t.me/BanglaJobGude http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স

৭ ফেব্রুয়ারি-১২ ফেব্রুয়ারি

**৭ ফেব্রুয়ারি** অস্থির ভেনেজুয়েলায় আন্তর্জাতিক ত্রাণ আসার পথে বাধা না দিতে সেনাবাহিনীকে নির্দেশ দিলেন সে দেশের স্বঘোষিত অন্তর্বর্তিকালীন প্রেসিডেন্ট হুয়ান গুয়াইদো। আন্তর্জাতিক সাহায্য এসে পৌঁছনোর আগেই কলম্বিয়া সীমান্তে একটি সেতু বন্ধ করে দিয়েছিল দেশের প্রেসিডেন্ট নিকোলাস মাদুরোর অনুগত সেনাবাহিনী। গুয়াইদো জানিয়েছেন, এই সাহায্য বিতরণ করা না হলে অন্তত ৩ লক্ষ মানুষ মৃত্যুর মুখোমুখি হবেন। গুয়াইদো সেনাবাহিনীর উদ্দেশে বলেন, 'প্রয়োজনীয় ত্রাণ আসতে দিন। আপনাদের পরিবার, বোন, মা, স্ত্রী— সবারই এই সাহায্যের প্রয়োজন।'

## ভারত সফরে বাংলাদেশের বিদেশমন্ত্রী



৭ ফেব্রুয়ারি: বাংলাদেশে নির্বাচনের পর প্রথম বিদেশ সফরে ভারতে এলেন বাংলাদেশের নতুন বিদেশমন্ত্রী এ কে আব্দুল মোমেন। নয়াদিল্লি পৌঁছে রোহিঙ্গা সমস্যা নিয়ে ভারতের সহযোগিতা চাইলেন তিনি। রোহিঙ্গা শরণার্থীদের দ্রুত ফেরত পাঠানোর জন্য ভারতের সাহায্য যে অত্যন্ত প্রয়োজন সে কথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে জানিয়েছেন তিনি। কূটনীতিকদের মতে প্রতিবেশী বলয়ে যথেষ্ট কোণঠাসা মোদী সরকারের সঙ্গে গত পাঁচ বছরে সবচেয়ে মসৃণ থেকেছে বাংলাদেশের সম্পর্ক। এ দিন বাংলাদেশের বিদেশমন্ত্রীর সঙ্গে বৈঠকে মোদী জানিয়েছেন, 'দু'টি প্রতিবেশী রাষ্ট্রের সম্পর্কের মডেল হল নয়াদিল্লি-ঢাকা সম্পর্ক। গোটা বিশ্বের সামনে একে তুলে ধরা প্রয়োজন।'

**মহাকাশে পাঠানো দুই ক্ষুদ্র মহাকাশযান** 'ওয়াল-ই' এবং 'ইভ'-এর সঙ্গে যোগাযোগ হারিয়ে ফেলল নাসা। গতবছর নাসা মহাকাশে পাঠিয়েছিল ওই দুই যানকে। অল্প খরচে তৈরি প্রযুক্তির সাহায্যে মহাকাশের গভীরে ওই দুই মহাকাশযান কেমন কাজ দেয় সেটাই দেখার উদ্দেশ্য ছিল নাসার। মঙ্গলযান 'ইনসাইট'-এর লালগ্রহে অবতরণের প্রক্রিয়ার ওপর নজর রাখছিল যান দু'টি। 'ওয়াল-ই' মঙ্গলের বেশ কিছু ভালো ছবিও পাঠিয়েছিল। রেডিয়ো সায়েন্স সংক্রান্ত ভালো কাজ করেছে 'ইভ'ও।

**৮ ফেব্রুয়ারি** জলপাইগুড়িতে কলকাতা হাইকোর্টের সার্কিট বেঞ্চের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। দু'দিন আগেই কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠক ডেকে সার্কিট বেঞ্চকে ছাড়পত্র দেওয়া হয়েছিল। এ দিন ময়নাগুড়ির সভা থেকেই রিমোট কন্ট্রোলে সেই সার্কিট বেঞ্চের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী। যদিও রাজ্য সরকার বা হাইকোর্টের কোনও প্রতিনিধি সার্কিট বেঞ্চের উদ্বোধনের সময় উপস্থিত ছিলেন না।

**তাইল্যান্ডের গদিচ্যুত প্রাক্তন প্রধানমন্ত্রী** তাকসিন শিনাবাত্রার সমর্থক 'তাই রক্ষা চার্ট পার্টি'-র পক্ষ থেকে ঘোষণা করা হল, তাদের দলের হয়ে আসন্ন সাধারণ নির্বাচনে প্রধানমন্ত্রী পদের জন্য প্রতিদ্বন্দ্বিতা করবেন রাজা মহা বাজিরালঙ্গকর্নের দিদি ৬৭ বছর বয়সি রাজকুমারী উবোলরত্না। উল্লেখ্য, সে দেশের রাজনৈতিক পরিস্থিতি গত ১৫ বছর ধরে অস্থির হয়ে রয়েছে। থাকসিন শিনাবাত্রা ক্ষমতাচ্যুত হওয়ার পর সেনা অভ্যুত্থান ঘটে সে দেশে। এই মুহূর্তে তাইল্যান্ডের শাসনভার রয়েছে জুন্টা সরকারের হাতে। প্রধানমন্ত্রী পদে আছেন মিলিটারি জুন্টা নেতা প্রয়ুত-চান-ও-চা। তবে এক দিনের মধ্যেই উল্টো কথা বললেন তাইল্যান্ডের রাজা। ৯ ফেব্রুয়ারি তিনি ঘোষণা করলেন তাঁর দিদি নির্বাচনে লড়বেন না। ভোটে দাঁড়ানোর সিদ্ধান্ত 'যথাযথ' নয় এবং 'রাজপরিবারের ঐতিহ্যের বিরোধী' বলে জানিয়েছেন তিনি।

## লস অ্যাঞ্জেলেসে গ্র্যামি সম্মান প্রদান



১১ ফেব্রুয়ারি: লস অ্যাঞ্জেলেস-এ এ বছরের গ্র্যামি সম্মান প্রদান করা হল। পুরস্কার প্রদান মঞ্চে উপস্থিত থেকে সবার নজর কাড়লেন প্রাক্তন মার্কিন ফার্স্ট লেডি মিশেল ওবামা। এবারের গ্র্যামির তালিকায় আলাদা করে শিরোনামে জায়গা করে নিয়েছেন লেডি গাগা। এর আগেও বহু গ্র্যামি জিতলেও এ বারই একসঙ্গে তিনটি গ্র্যামি জিতেছেন তিনি। মিউজিক্যাল রোমান্টিক ছবি 'আ স্টার ইজ বর্ন'-এ 'শ্যালো'-র জন্য দু'টি গ্র্যামি জয় এবং নিজের একক অ্যালবাম 'জোয়্যান' (হোয়্যার ডু ইউ থিঙ্ক ইউ আর গোয়িং) সেরা পপ একক-এর সম্মান পেয়েছে। এ বছর সেরা অ্যালবামের সম্মান পেয়েছে কেসি মাসগ্রেভস এর গোল্ডেন আওয়ার। সেরা পপ অ্যালবাম হয়েছে আরিয়ানা গ্রান্ডের 'সুইটনার'। ছ'বার মনোনয়ন পাওয়ার পর এবারই প্রথম গ্র্যামি জিতলেন তিনি।



“গত পাঁচ বছরে ৪৬০ জন জওয়ান ও ২৮০ জন নাগরিক জঙ্গি হামলায় মারা গিয়েছেন। সরকার যে কাশ্মীর নীতির প্রশ্নে সম্পূর্ণ ব্যর্থ, এদিনের পরে তা ফের স্পষ্ট হয়ে গেল।'”

রণদীপ সুরজেওয়ালা, *কংগ্রেস মুখপাত্র*
পুলওয়ামায় সি আর পি কনভয় জঙ্গি হামলার পর

## রাজ্যের অভ্যন্তরীণ নিরাপত্তার প্রধান উপদেষ্টা রীনা মিত্র



১২ ফেব্রুয়ারি: মধ্যপ্রদেশ ক্যাডারের আইপিএস অফিসার রীনা মিত্রকে রাজ্যের অভ্যন্তরীণ নিরাপত্তা সংক্রান্ত প্রধান উপদেষ্টা নিয়োগ করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। প্রাথমিক প্রতিক্রিয়ায় রীনা মিত্র বলেছেন, 'আমি মুখ্যমন্ত্রীর প্রতি কৃতজ্ঞ। বাংলার জন্য কাজ করব। আমি খুশি।' রীনাদেবী পশ্চিমবঙ্গের প্রথম মহিলা আইপিএস অফিসার। ১৯৮৩ ব্যাচের এই অফিসার মধ্যপ্রদেশ ক্যাডারে কাজ করেছেন। পাশাপাশি রেলওয়ে ভিজিল্যান্স, সিবিআই, বিএসএফ এবং স্বরাষ্ট্রমন্ত্রকেও রয়েছে তাঁর কাজ করার অভিজ্ঞতা। সম্প্রতি সিবিআইয়ের অধিকর্তা নিয়োগের প্রক্রিয়া চলাকালীন রীনা মিত্রের নাম আলোচনায় এসেছিল। নিয়োগ কমিটি সবচেয়ে সিনিয়র আইপিএস অফিসার হিসেবে ঋষিকুমার শুক্লকে অধিকর্তা হিসেবে নিয়োগ করে। নিয়োগের সেই বৈঠক ডাকা হয়েছিল ১ ফেব্রুয়ারি। আর রীনাদেবী অবসর নেন ৩১ জানুয়ারি। আমলা মহলে প্রশ্ন উঠেছে, ওই বৈঠক একদিন আগে হলেই সবচেয়ে সিনিয়র অফিসার হিসেবে রীনা মিত্রকেই সিবিআই অধিকর্তা হিসেবে নিয়োগ করতে হত। সম্প্রতি রীনাদেবী এক নিবন্ধে নিজেও লিখেছেন তাঁকে অধিকর্তার দৌড় থেকে সরিয়ে দিতেই বৈঠক পিছিয়ে দেওয়া হয়।

**৯ ফেব্রুয়ারি** নদিয়ার কৃষ্ণগঞ্জের তৃণমূল বিধায়ক সত্যজিৎ বিশ্বাস (৪২) আততায়ীর গুলিতে নিহত হলেন। নিজের বাড়ির সামনে পাড়ার ক্লাবের সরস্বতী পুজোর উদ্বোধনের সময় পয়েন্ট ব্ল্যাঙ্ক রেঞ্জ থেকে গুলি চালানো হয়। জেলার যুব তৃণমূল সভাপতিও ছিলেন তিনি। আততায়ীকে চিহ্নিত করা না গেলেও তৃণমূল নেতৃত্বের দাবি, বিজেপিই সত্যজিৎবাবুকে খুন করিয়েছে।

## প্রয়াত যোগেশচন্দ্র বর্মণ



১০ ফেব্রুয়ারি: পশ্চিমবঙ্গের প্রাক্তন মন্ত্রী যোগেশচন্দ্র বর্মণ (৬৯) প্রয়াত হলেন। বাম আমলে ১৯৯১ সালে উত্তরবঙ্গের ফালাকাটা থেকে সিপিএম প্রার্থী হিসেবে ভোটে জিতে প্রথমবার বিধায়ক হন যোগেশবাবু। ১৯৯৬ থেকে ২০০৬ সাল পর্যন্ত তিনি বনমন্ত্রী ছিলেন। ২০০৬ থেকে ২০১১ পর্যন্ত তিনি ছিলেন অনগ্রসর শ্রেণিকল্যাণ মন্ত্রী। সেই সময়েই রাজ্যে ওবিসি সংরক্ষণ ৭ শতাংশ থেকে বাড়িয়ে ১৭ শতাংশ করা হয়।

মুম্বইয়ের 'ন্যাশনাল গ্যালারি অব মডার্ন আর্ট'-এ বক্তৃতার মধ্যেই বাধা দেওয়া হল অভিনেতা, প্রযোজক ও চিত্রশিল্পী অমল পালেকরকে। গ্যালারির এক প্রদর্শনীর শুরুতে প্রয়াত শিল্পী প্রভাকর বারওয়ের স্মৃতিচারণ করতে গিয়ে অমল বলেন, 'এক সময়ে ন্যাশনাল গ্যালারিতে কোন প্রদর্শনী হবে তা নিয়ে স্থানীয় শিল্পীদের একটি কমিটি সিদ্ধান্ত নিত। একতরফাভাবে সেই সিদ্ধান্ত নেওয়ার অধিকার নিজেদের হাতে নিয়েছে কেন্দ্র।' এর ফলে নরেন্দ্র মোদী জমানায় মতপ্রকাশের স্বাধীনতার উপরে আঘাত নিয়ে ফের প্রশ্ন উঠল।

## দোষী সাব্যস্ত নাগেশ্বর



১২ ফেব্রুয়ারি: সিবিআইয়ের সদ্য প্রাক্তন অন্তর্বর্তী ডিরেক্টর এম নাগেশ্বর রাও আদালত অবমাননার দায়ে দোষী সাব্যস্ত হলেন। তাঁকে এক লক্ষ টাকা জরিমানা এবং আদালতের কাজ শেষ না হওয়া পর্যন্ত এজলাসের এক কোণে গিয়ে বসে থাকার শাস্তি দিল সুপ্রিম কোর্ট। প্রবীণ আইনজীবীরা জানিয়েছেন, এমন ঘটনা কার্যত নজিরবিহীন। সিবিআইয়ের অন্তর্বর্তী ডিরেক্টর থাকার সময়ে নাগেশ্বর বিহারের মুজফ্ফরপুরের হোমে যৌন হেনস্থার তদন্তের দায়িত্বপ্রাপ্ত যুগ্ম ডিরেক্টর এ কে শর্মাকে সরানোয় ক্ষুব্ধ হয় শীর্ষ আদালত। কারণ, ওই মামলায় তদন্তকারী অফিসারকে সরানো যাবে না বলে নির্দেশ দিয়েছিল সুপ্রিম কোর্ট।

**১০ ফেব্রুয়ারি** প্রাক্তন পাক প্রধানমন্ত্রী নওয়াজ শরিফের দেশ ছাড়ার উপরে নিষেধাজ্ঞা জারি রাখল পাকিস্তানের অভ্যন্তরীণ মন্ত্রক। দুর্নীতিতে অভিযুক্ত নওয়াজ বর্তমানে এখন জেল-বন্দি। গত বছর অগস্ট মাসে নওয়াজ, তাঁর মেয়ে মরিয়ম এবং জামাই মহম্মদ সফদরের নাম 'এক্সিট কন্ট্রোল লিস্ট'- এর তালিকায় বর্তমান সরকার ঢুকিয়েছিল। সেই নিষেধাজ্ঞা তুলতে অভ্যন্তরীণ মন্ত্রকের কাছে আর্জি জানিয়েছিলেন নওয়াজ ও তাঁর মেয়ে-জামাই। তিন জনেরই আর্জি খারিজ করে দিয়েছে মন্ত্রক।

**আরবি, ইংরেজির সঙ্গে আবু ধাবির** আদালতে এ বার হিন্দিকেও সরকারি ভাষা হিসেবে স্বীকৃতি দেওয়া হল। অর্থাৎ বিচার বিভাগ সংক্রান্ত যে কোনও ফর্ম হিন্দিতেও পূরণ করা যাবে। সে দেশের সরকারি সূত্রে জানানো হয়েছে, বিচার বিভাগের কাজ যাতে সুষ্ঠু ভাবে হয়, সে কারণেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

**১১ ফেব্রুয়ারি** পাকিস্তানেই রয়েছে শিখদের 'মক্কা ও মদিনা'— জানালেন পাক প্রধানমন্ত্রী ইমরান খান। সংখ্যালঘু ভক্তদের জন্য খুব শীঘ্রই কর্তারপুরের দরবার সাহিব খুলে দেওয়া হবে বলে জানিয়েছেন তিনি। গত নভেম্বরেই পাকিস্তানের কর্তারপুরে দরবার সাহিব ও ভারতের গুরদাসপুরে ডেরা বাবা নানকের সংযোগকারী করিডর (কর্তারপুর করিডর) উদ্বোধন করেছিলেন পাক প্রধানমন্ত্রী।

## কিমের সঙ্গে বৈঠকের ঘোষণা ট্রাম্পের



৮ ফেব্রুয়ারি: উত্তর কোরিয়ার শাসক কিম জং উনের সঙ্গে ভিয়েতনামের রাজধানী হ্যানয়ে বৈঠক হতে চলেছে বলে জানিয়েদিলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এ দিনই টুইট করে ট্রাম্প জানালেন, ২৭-২৮ ফেব্রুয়ারি কিমের সঙ্গে তিনি বৈঠকে বসতে চলেছেন হ্যানয়ে। সঙ্গে তিনি এও জানিয়েছেন, উত্তর কোরিয়ার পরমাণু নিরস্ত্রীকরণ নিয়ে কিমের প্রতিনিধি দলের সঙ্গে আমেরিকার কথাবার্তা বেশ ভাল দিকেই এগোচ্ছে।

**সাংবাদিক জামাল খাসোগি খুনের** ঘটনায় বিশ্বজুড়ে হইচই শুরু হওয়ার পর তদন্তে নামলেও খাসোগির দেহ কোথায়, সে ব্যাপারে দায় এড়াল সৌদি আরব। খাসোগির দেহ কোথায়, সে সম্পর্কে রিয়াধের কাছে কোনও তথ্য নেই বলে জানিয়েছে সৌদি বিদেশমন্ত্রক। উল্লেখ্য, খাশোগি খুনে অভিযুক্ত ১১ জনই এখন সৌদি সরকারের হেফাজতে রয়েছে। পাঁচ জনকে মৃত্যুদণ্ড দিয়ে বাকিদের বিরুদ্ধে মামলাও দায়ের হয়েছে। তুরস্কের পক্ষ থেকে প্রথম থেকেই বলা হচ্ছে, সৌদি যুবরাজ মহম্মদ বিন সলমনের নির্দেশেই খাশোগিকে ইস্তানবুলে সৌদি দূতাবাসের মধ্যে খুন করা হয়েছে। সৌদি বিদেশমন্ত্রী এই অভিযোগ উড়িয়ে দিয়ে বলেছেন, ইস্তানবুল এখনও তাদের হাতে কোনও তথ্যপ্রমাণ দেয়নি।

**১২ ফেব্রুয়ারি** কংগ্রেস সভাপতি রাহুল গান্ধী এ বার নরেন্দ্র মোদীর বিরুদ্ধে রাফাল চুক্তিতে 'রাষ্ট্রদ্রোহ'-এর অভিযোগ তুললেন। রাহুলের অভিযোগ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রাফাল চুক্তিতে অনিল অম্বানীর মধ্যস্থতা-কারী হিসেবে কাজ করেছেন। সরকারি গোপনীয়তা আইন ভেঙে আগেভাগেই রাফাল চুক্তি হতে চলেছে বলে অনিল অম্বানীকে জানিয়ে দিয়েছেন। রাহুলের কথায়, 'এ তো ফৌজদারি অপরাধ। শুধু এর জন্যই প্রধানমন্ত্রীর জেল হওয়া উচিত।'

## দিল্লির হোটেলে অগ্নিকাণ্ডে মৃত ১৭



১২ ফেব্রুয়ারি: দিল্লির করোলবাগ এলাকায় হোটেল 'অর্পিত প্যালেস'-এ ভয়াবহ অগ্নিকাণ্ডে অন্তত ১৭ জন প্রাণ হারালেন। সাততলা হোটেলের পাঁচতলায় শর্ট সার্কিট থেকে আগুন লাগে। মৃতদের মধ্যে রয়েছেন এইচপিসিএল-এর দুই পদস্থ আধিকারিক। জখম হয়েছেন অন্তত ২০ জন। উদ্ধার করা হয়েছে ৩৫ জনকে। পুলিশ ও পুরসভা জানিয়েছে উপযুক্ত অগ্নিনিরোধক ব্যবস্থা ছিল না ২৫ বছরের হোটেলটিতে। ফায়ার এগজিটের পথও ছিল অপরিসর।

banglajobgude.bogspot.com Join http://t.me/BanglaJobGude http://t.me/BangoSongbad



# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

## ইন্টারভিউ বোর্ডে নিজেকে প্রকাশের ক্ষমতা সবচেয়ে জরুরি



সংযুক্তা রয়
ম্যানেজার- পূর্বাঞ্চল
ন্যাশনাল রিয়েল এস্টেট সংস্থা
প্রাক্তন বিজনেস হেড
ইনফো এজ ইন্ডিয়া লিমিটেড



ইন্টারভিউয়ে সফল হবই— এই আত্মবিশ্বাসটা নিজের মধ্যে আনা খুব দরকার। কীভাবে সেই আত্মবিশ্বাস আসবে? অনেকগুলো বিষয় আছে, যেগুলো বিশেষ করে ইন্টারভিউয়ের জন্যই খুব জরুরি। সেইসব বিষয়ে নিজেকে দক্ষ করে তুলতে হবে।

মাঝেমধ্যেই ইন্টারভিউ নিতে হয়। আমার অভিজ্ঞতা হল, বিশেষ করে কলকাতার ছেলেমেয়েদের মধ্যে কথোপকথনের সাবলীলতায় একটু ঘাটতি থাকে। ইন্টারভিউ বোর্ডে প্রার্থীর নিজেকে প্রকাশের ক্ষমতা সবচেয়ে জরুরি। নিজের জ্ঞান, দক্ষতা, কাজের মানসিকতা, আগ্রহ ইত্যাদি কতটা ঠিকভাবে বোঝাতে পারলে, তার ভিত্তিতেই তোমাকে ইন্টারভিউয়ার বিচার করবেন।

যেমন, তোমাকে জানতে হবে, ইন্টারভিউ বোর্ডের সামনে কীভাবে নিজেকে উপস্থাপন করতে হয়। অতিকথন এড়িয়ে চলতে হবে, আবার চুপ-করে থাকলেও চলবে না। নম্রতা থাকতে হবে, কিন্তু তাকে যেন ভীরুতা বলে মনে না হয়। ইন্টারভিউয়ার নানা প্রসঙ্গ তুলে বিভ্রান্ত করে তোমাকে প্রশ্নের সঠিক উত্তর দেওয়া থেকে বিরত করার চেষ্টা করতে পারেন। এটাও একটা পরীক্ষা। মাথা ঠান্ডা রেখে তোমাকে উত্তর দিতে হবে। সাবলীল ভাবে কথা বলা, অনাবশ্যক নিজের জ্ঞান জাহির না করা, চোখকান খোলা রাখা— এগুলো একান্ত পালনীয়। ঠিকমতো প্রস্তুতি নিতে পারলে অবশ্যই আত্মবিশ্বাস তৈরি হবে।

### কীভাবে প্রস্তুত হবে

প্রথম থেকেই কমিউনিকেশন স্কিল তৈরির ওপর জোর দাও। মক ইন্টারভিউ প্র্যাকটিস করো। বাড়িতেই করতে পারো। যত প্র্যাকটিস করবে তত ভালো ফল পাবে। অনেক সময়ই ইন্টারভিউয়ে কোনও একটা বিষয়ের ওপর বলতে দেওয়া হয়। সেক্ষেত্রে খুব গুছিয়ে বলার দক্ষতা থাকা দরকার। চটজলদি বুদ্ধিদীপ্ত উত্তর দিতে পারার বিশেষ প্রতিভা কারও কারও থাকে। তবে যাদের তা নেই, তাদের ভেঙে পড়ার কোনও কারণ নেই। ক্রমাগত অনুশীলনের মাধ্যমে এই দক্ষতাটিও আয়ত্ত করে নেওয়া যায়। নিয়মিত বই পড়লে, সংবাদপত্র পড়লে, ইন্টারনেট সার্চ করলে তুমি পারিপার্শ্বিক সম্পর্কে ওয়াকিবহাল থাকবে, তোমার উত্তরের মধ্য দিয়েও সেই জ্ঞানের পরিচয় পাওয়া যাবে। রাজনৈতিক, সামাজিক ও অর্থনীতির দুনিয়ার সাম্প্রতিক তথ্য জানা খুব প্রয়োজন। হতে পারে তুমি ফ্রেশার। কাজের দুনিয়ার কোনও অভিজ্ঞতা নেই। বাস্তব অভিজ্ঞতাও কম। কিন্তু তোমার জানার পরিধি যদি যথেষ্ট হয় সেখানেই তুমি অন্যদের চেয়ে অনেকটা এগিয়ে থাকবে।

স্নাতকস্তরে পড়াশোনার সময়ই যদি ছোটখাটো কোর্স করে নিজের দক্ষতা বাড়িয়ে নিতে পারো, সেটা কিন্তু পরবর্তীকালে খুব কাজে দেবে। তবে এই কোর্স করার আগে ভেবে নিতে হবে কোন ধরনের কাজ তুমি করতে চাইছ। সেই অনুযায়ী কোর্স করলে অনেকটা সুবিধা হবে। যদি তুমি কম্পিউটার সফটওয়্যার নিয়ে কাজ করতে চাও, তাহলে সরকারি এবং বেসরকারি নানারকম কোর্স হয়। শিখে নিতে পারো পড়াশোনার পাশাপাশি। নতুন চাকরির ইন্টারভিউয়ের সময়, সেই বাড়তি জ্ঞানটুকু ঠিকভাবে উপস্থাপন করতে পারলে, পছন্দমতো কাজের সুযোগ পাওয়ার সম্ভাবনা বাড়বে। অথবা ধরা যাক, ভাষা নিয়ে কাজ করতে চাও। প্রাদেশিক বা বিদেশি ভাষার ছোট ছোট সার্টিফিকেট কোর্স পড়ানো হয় বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে। কলেজের পড়াশোনার ফাঁকে এরকম কোনও সান্ধ্য কোর্সে ভর্তি হতে পারো। এছাড়াও কোনও নির্দিষ্ট বিষয় নিয়ে প্রোজেক্ট করতে চাইলে, সেই ধরনের কাজ করে এরকম সংস্থায় গিয়ে আবেদন করতে পারো। কলেজ থেকে ইন্টার্নশিপ ইত্যাদির সুযোগ না থাকলেও এই ভাবে কাজ করা যায়। সুযোগ পেলে হাতছাড়া করবে না একেবারেই, স্টাইপেন্ড না পেলেও শুরু করে দাও। এর ফলে, একদিকে যেমন বাস্তব পরিবেশে কীভাবে কাজ করতে হয় সেটা হাতেকলমে শিখে যাবে, সেইসঙ্গে পরিচিতি বাড়বে, ফলে ভবিষ্যতে চাকরি পেতে সুবিধা হবে।

সহজ মেলামেশার প্রবণতাটা ভালো। এতে অনেককিছু জানতে পারবে আর কথা বলার, আলোচনা করার অভ্যেসটাও তৈরি হবে। সবচেয়ে বড় কথা, যেহেতু সবার সঙ্গে মিলেমিশে নিজেকে তৈরি করার এই প্রক্রিয়াটায় একটা খোলামেলা আবহ থাকে, তাই একটা-দুটো ইন্টারভিউয়ে সফল না হলেই ভেঙে পড়ার মানসিকতাটাও থাকবে না। এটাই বাস্তব যে, সামান্য কয়েকটা পদের জন্য কয়েকশো ছেলেমেয়ে ইন্টারভিউ দেয়। ফলে সুযোগ পাওয়াটা সবসময়ই কঠিন। কিন্তু একটাতে সফল হওনি বলেই, কোনও সুযোগ তোমার কাছে আসবে না, এমনটাও নয়। সুযোগ আসবেই। তাকে সাফল্যের সঙ্গে কাজে লাগাতে হবে।

### ইন্টারভিউয়ের পোশাক

ইন্টারভিউ দিতে যাওয়ার সময় পোশাক নিয়ে একটা খুঁতখুঁতুনি সকলের মধ্যেই থাকে। পোশাক-পরিচ্ছদ বাছার আগে দেখতে হবে কোন সংস্থায় যাচ্ছ এবং কী কাজের জন্য আবেদন করেছ। সেই অনুযায়ী পোশাক বাছাটাই বুদ্ধিমানের কাজ। কোনও পদে টাই আবশ্যিক, কোথাও আবার খুব কঠিন ফর্ম্যাল না হলেও চলে। কোনও ক্রিয়েটিভ মিডিয়া হাউসে টাই-কোট পরে গেলে হয়ত বেমানানও লাগতে পারে। তাই সেই বিষয়গুলো বুঝে তৈরি হওয়াটাই ভালো।

সাধারণ ভাবে ফর্ম্যাল পোশাক ইন্টারভিউয়ের জন্য সবচেয়ে ভালো। জুতো আর ব্যাগ যেন দৃষ্টিনন্দন এবং পরিচ্ছন্ন হয়। দামি হতে হবে এরকম কোনও বাধ্যবাধকতা নেই। সেইসঙ্গে চেহারাতেও যেন একটা সতেজ, পরিচ্ছন্ন ছাপ থাকে। চুল, দাড়ি, নখ সঠিক মাপে সুন্দরভাবে আছে কি না বাড়ি থেকে বেরোবার আগে অবশ্যই খেয়াল করবে।

ইন্টারভিউ দিতে যাওয়ার সময় পোশাক নিয়ে একটা খুঁতখুঁতুনি সকলের মধ্যেই থাকে। পোশাক-পরিচ্ছদ বাছার আগে দেখতে হবে কোন সংস্থায় যাচ্ছ এবং কী কাজের জন্য আবেদন করেছ। সেই অনুযায়ী পোশাক বাছাটাই বুদ্ধিমানের কাজ। কোনও পদে টাই আবশ্যিক, কোথাও আবার খুব কঠিন ফর্ম্যাল না হলেও চলে। কোনও ক্রিয়েটিভ মিডিয়া হাউসে টাই-কোট পরে গেলে হয়ত বেমানানও লাগতে পারে। তাই সেই বিষয়গুলো বুঝে তৈরি হওয়াটাই ভালো।

কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ

shine.com

Shine.com now brings you great jobs in partnership with KARMAKSHETRA

Companies Recruiting This Week

Company: PS AVIATION ACADEMY PVT.LTD
Position Title: Ground Staff & Cabin Crew
Experience, Location: Fresher, Kolkata, Delhi, Vizag
Profile: Hiring Fresher Candidates for International and Domestic Airlines. Qualification minimum 12th Passed. Starting salary for cabin crew 30000 to 35000 pm, Ground staff- 15000 to 19000 pm. Age limit for cabin crew -18 to 26 Age limit for Ground staff -18 to 28. Male female both can apply. Contact no-8248117926/ 9007421048 mail id -career@psaviation.in
To apply for this job, log on to www.shine.com and search using 9246724 as keyword

Company: MET Technologies Pvt Ltd
Position Title: Senior Trainer Process
Experience, Location: Min 5 years, Kolkata
**শূন্য আসনের বিবরণ:** **ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট):** মহারাষ্ট্র: ১২৪টি (সাধারণ ৬২, তফসিলি জাতি ১২, তফসিলি উপজাতি ১০, ও বি সি ৩২, দৈহিক প্রতিবন্ধী ৮)। গোয়া: ৪টি (সাধারণ)। গুজরাট: ৫০টি (সাধারণ ২৫, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৭, ও বি সি ১৩, দৈহিক প্রতিবন্ধী ২)। দাদরা ও নগর হাভেলি: ২ (সাধারণ)। মধ্যপ্রদেশ: ৪০টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৮, ও বি সি ৬, দৈহিক প্রতিবন্ধী ১)। ছত্তিশগড়: ৮টি (সাধারণ ৬, তফসিলি উপজাতি ২)।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস:** মহারাষ্ট্র: ৫১টি (সাধারণ ২৮, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৪)। গোয়া: ১টি (সাধারণ)। গুজরাট: ১৬টি (সাধারণ ৯, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, ও বি সি ৪)। দাদরা ও নগর হাভেলি: ১টি (সাধারণ)। মধ্য প্রদেশ: ২৪টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৪, ও বি সি ৩)। ছত্তিশগড়: ৬টি (সাধারণ ৫, তফসিলি উপজাতি ১)।

**ট্রেড অ্যাপ্রেন্টিস:** মহারাষ্ট্র: ৪৮টি (সাধারণ ২৬, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৩)। গোয়া: ১টি (সাধারণ)। গুজরাট: ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, ও বি সি ৪)।

বিষয় অনুসারে শিক্ষাগত যোগ্যতা: অ্যাকাউন্ট্যান্ট অ্যাপ্রেন্টিস: যে-কোনও শাখায় স্নাতক। টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস: সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা। ট্রেড অ্যাপ্রেন্টিস: মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ।

**বয়স:** ১৮ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। **স্টাইপেন্ড:** প্রতি মাসে ১০,৪৫৩ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iocl.com অনলাইন আবেদন করা যাবে ৭ মার্চ পর্যন্ত।

এই প্রশিক্ষণ-সংক্রান্ত বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# হুগলি জেলায় ১০০

ধান সংগ্রহ করার কাজে ১০০ জনকে নেবে হুগলি জেলার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট অ্যান্ড কালেক্টর অফিস। প্যাডি পারচেজ পার্সোনেল পদে নিয়োগ হবে চুক্তিতে। চুক্তির মেয়াদ ৩০ এপ্রিল পর্যন্ত। প্রার্থীকে অবশ্যই হুগলি জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 325/DCH/2019.

শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক। কম্পিউটার জ্ঞান থাকলে অগ্রাধিকার। এর পাশাপাশি প্রার্থীর যুবশ্রী প্রকল্পে নাম নথিভুক্ত থাকতে হবে বা আনন্দধারা প্রকল্পের অধীনস্থ সেল্ফ হেলপ গ্রুপের সদস্য হতে হবে অথবা মহাত্মা গান্ধি ন্যাশনাল রুর‍্যাল এমপ্লয়মেন্ট গ্যারান্টি স্কিমের অধীনে বৈধ জব কার্ড থাকতে হবে। বেতন: প্রতি মাসে ১১,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে এবং কম্পিউটার টেস্টের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.hooghly.gov.in দরখাস্তের শেষ তারিখ ২৮ ফেব্রুয়ারি। দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো ও সই আপলোড করতে হবে। অনলাইনে দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## রাজ্য সরকারে ভোকেশনাল কো-অর্ডিনেটর

সার্ভিসেস সেক্টর, ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি সার্ভিসেস এবং এগ্রিকালচার সেক্টরে ১২ জন ভোকেশনাল কো-অর্ডিনেটর নেবে রাজ্যের ভোকেশনাল এডুকেশন অ্যান্ড ট্রেনিং ডিরেক্টোরেট। ভোকেশনালাইজেশন অব সেকেন্ডারি অ্যান্ড হায়ার সেকেন্ডারি এডুকেশন স্কিমে নিয়োগ হবে চুক্তিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 862-VET/NSQF/2018-19.

২৩ ফেব্রুয়ারির মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.dvet.webscte.co.in

বিশদ তথ্যের জন্য আগ্রহী প্রার্থীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ফরেস্ট ও সিভিল সার্ভিসের প্রিলিমিনারি পরীক্ষা ২ জুন

*প্রথম পাতার পর*

ইকনমিক জিওগ্রাফি অব ইন্ডিয়া অ্যান্ড দ্য ওয়ার্ল্ড। ইন্ডিয়ান পোলিটি অ্যান্ড গভর্ন্যান্স— কনস্টিটিউশন, পলিটিক্যাল সিস্টেম, পঞ্চায়েতি রাজ, পাবলিক পলিসি, রাইটস ইস্যুস প্রভৃতি। ইকনমিক অ্যান্ড সোশ্যাল ডেভেলপমেন্ট, সাস্টেইনেবল ডেভেলপমেন্ট, পভার্টি, ইনক্লুশন, ডেমোগ্রাফিক্স, সোশ্যাল সেক্টর ইনিশিয়েটিভস প্রভৃতি। জেনারেল ইস্যুস অন এনভায়রনমেন্টাল ইকোলজি, বায়োডাইভার্সিটি অ্যান্ড ক্লাইমেট চেঞ্জ (স্পেশ্যালাইজেশন ব্যাতিরেকে)। জেনারেল সায়েন্স। দ্বিতীয় পেপারে থাকে এই সব বিষয়: কমপ্রিহেনশন, ইন্টারপার্সোন্যাল স্কিলস ইনক্লুডিং কমিউনিকেশন স্কিলস। লজিক্যাল রিজনিং অ্যান্ড অ্যানালিটিক্যাল এবিলিটি। ডিসিশন মেকিং অ্যান্ড প্রবলেম সলভিং। জেনারেল মেন্টাল এবিলিটি। মাধ্যমিক মানের বেসিক নিউম্যারেসি (নাম্বারস অ্যান্ড দেয়ার রিলেশনস, অর্ডারস অব ম্যাগনিটিউড ইত্যাদি) এবং ডেটা ইন্টারপ্রিটেশন (চার্ট, গ্রাফ, টেবিল, ডেটা সাফিশিয়েন্সি ইত্যাদি)।

প্রিলিমিনারি পরীক্ষায় নেগেটিভ মার্কিং থাকে। এই পরীক্ষার ফলের ভিত্তিতে সিভিল সার্ভিসেস মেন এবং ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিস মেন পরীক্ষায় বসার যোগ্য প্রার্থীদের আলাদা আলাদা তালিকা প্রকাশ করা হয়ে থাকে। প্রিলিমিনারি পরীক্ষায় প্রাপ্ত নম্বর পরবর্তী পর্যায়ের কোনও ক্ষেত্রে গ্রাহ্য হবে না। প্রিলিমিনারি পরীক্ষায় পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা ও শিলিগুড়ি এবং মেন পরীক্ষার একমাত্র পরীক্ষাকেন্দ্র কলকাতা।

**কীভাবে দরখাস্ত করবেন:** দরখাস্ত করবেন অনলাইনে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.upsconline.nic.in অনলাইনে আবেদনের শেষ দিন ১৮ মার্চ। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। দু'টি ধাপে অনলাইন ফর্ম পূরণ করতে হবে— পার্ট-ওয়ান এবং পার্ট-টু রেজিস্ট্রেশন।

**অন্যান্য তথ্য:** সিভিল সার্ভিস মেন পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই হয় এই সব সার্ভিসের জন্য: (১) ইন্ডিয়ান অ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিস, (২) ইন্ডিয়ান ফরেন সার্ভিস, (৩) ইন্ডিয়ান পুলিশ সার্ভিস, (৪) ইন্ডিয়ান পি অ্যান্ড টি অ্যাকাউন্টস অ্যান্ড ফিনান্স সার্ভিস— গ্রুপ 'এ', (৫) ইন্ডিয়ান অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস— গ্রুপ 'এ', (৬) ইন্ডিয়ান রেভিনিউ সার্ভিস (কাস্টমস অ্যান্ড সেন্ট্রাল এক্সাইজ)— গ্রুপ 'এ', (৭) ইন্ডিয়ান ডিফেন্স অ্যাকাউন্টস সার্ভিস— গ্রুপ 'এ', (৮) ইন্ডিয়ান রেভেন্যু সার্ভিস (আই টি)— গ্রুপ 'এ', (৯) ইন্ডিয়ান অর্ডন্যান্স ফ্যাক্টরিজ সার্ভিস— গ্রুপ 'এ' (অ্যাসিস্ট্যান্ট ওয়ার্কস ম্যানেজার, অ্যাডমিনিস্ট্রেশন), (১০) ইন্ডিয়ান পোস্টাল সার্ভিস— গ্রুপ 'এ', (১১) ইন্ডিয়ান সিভিল অ্যাকাউন্টস সার্ভিস— গ্রুপ 'এ', (১২) ইন্ডিয়ান রেলওয়ে ট্র্যাফিক সার্ভিস— গ্রুপ 'এ', (১৩) ইন্ডিয়ান রেলওয়ে অ্যাকাউন্টস সার্ভিস— গ্রুপ 'এ', (১৪) ইন্ডিয়ান রেলওয়ে পার্সোনেল সার্ভিস— গ্রুপ 'এ', (১৫) পোস্ট অব অ্যাসিস্ট্যান্ট সিকিউরিটি কমিশনার ইন রেলওয়ে প্রোটেকশন ফোর্স— গ্রুপ 'এ', (১৬) ইন্ডিয়ান ডিফেন্স এস্টেটস সার্ভিস— গ্রুপ 'এ' (১৭) ইন্ডিয়ান ইনফর্মেশন সার্ভিস (জুনিয়র গ্রেড)— গ্রুপ 'এ', (১৮) ইন্ডিয়ান ট্রেড সার্ভিস— গ্রুপ 'এ' (গ্রেড থ্রি), (১৯) ইন্ডিয়ান কর্পোরেট ল সার্ভিস— গ্রুপ 'এ', (২০) আর্মড ফোর্সেস হেডকোয়ার্টার্স সিভিল সার্ভিস— গ্রুপ 'বি' ( সেকশন অফিসার্স গ্রেড), (২১) দিল্লি, আন্দামান অ্যান্ড নিকোবর আইল্যান্ডস, লাক্ষাদ্বীপ, দমন ও দিউ এবং দাদরা ও নগর হাভেলি সিভিল সার্ভিস— গ্রুপ 'বি', (২২) দিল্লি, আন্দামান অ্যান্ড নিকোবর আইল্যান্ড, লাক্ষাদ্বীপ, দমন ও দিউ এবং দাদরা ও নগর হাভেলি পুলিশ সার্ভিস— গ্রুপ 'বি', (২৩) পন্ডিচেরি সিভিল সার্ভিস— গ্রুপ 'বি', (২৪) পন্ডিচেরি পুলিশ সার্ভিস— গ্রুপ 'বি'।

**মেন পরীক্ষা:** প্রিলিমিনারি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর সিভিল সার্ভিস এবং ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিসের মেন পরীক্ষার জন্য ডাক পাওয়া যাবে।

ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিসের মেন লিখিত পরীক্ষায় থাকে মোট ৬টি পেপার। এর মধ্যে দু'টি আবশ্যিক: পেপার ওয়ান— জেনারেল ইংলিশ ও পেপার টু— জেনারেল নলেজ। প্রতিটি পেপারের নম্বর ৩০০ করে। দু'টি ঐচ্ছিক বিষয় বেছে নিতে হয়। প্রতিটি বিষয়ের দু'টি করে পত্র, মোট চারটি পেপার (পেপার থ্রি থেকে সিক্স)। মোট চারটি পেপারের প্রতিটিতে ২০০ নম্বরের পরীক্ষা হয়। বিষয়গুলি হল: এগ্রিকালচার, এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, অ্যানিম্যাল হাজবেন্ড্রি অ্যান্ড ভেটেরিনারি সায়েন্স, বটানি, কেমিস্ট্রি, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং, ফরেস্ট্রি, জিওলজি, ম্যাথমেটিক্স, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ফিজিক্স, স্ট্যাটিস্টিক্স, জুলজি। যেসব বিষয়ের কম্বিনেশন নেওয়া যায় না সেগুলি হল: (ক) এগ্রিকালচার ও এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, (খ) এগ্রিকালচার ও অ্যানিম্যাল হাজবেন্ড্রি অ্যান্ড ভেটেরিনারি সায়েন্স, (গ) এগ্রিকালচার ও ফরেস্ট্রি, (ঘ) কেমিস্ট্রি ও কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, (ঙ) ম্যাথমেটিক্স ও স্ট্যাটিস্টিক্স। একাধিক ইঞ্জিনিয়ারিং বিষয়ও নেওয়া যায় না। ডেসক্রিপটিভ টাইপ প্রশ্ন হয়। উত্তর লিখতে হয় ইংরেজিতে। প্রতিটি পত্রের জন্য সময় ৩ ঘণ্টা। দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীরা প্রতি পেপারে ৬০ মিনিট অতিরিক্ত সময় পাবেন। লিখিত পরীক্ষায় সফল হলে পার্সোন্যালিটি টেস্ট।

সিভিল সার্ভিসের মেন লিখিত পরীক্ষায় প্রথমে পেপার 'এ' এবং পেপার 'বি'-এর পরীক্ষা হয়। ৩০০ নম্বরের পেপার 'এ'-র জন্য ভারতীয় সংবিধান অনুযায়ী অষ্টম তফসিলভুক্ত যে-কোনও একটি ভাষা নিতে হয়। পেপার 'বি'-তে থাকে ৩০০ নম্বরের ইংরেজি ভাষা। এই পেপার দু'টিতে পাওয়া নম্বর মেধাতালিকা তৈরিতে গ্রাহ্য হয় না। এই দু'টি পেপারে শুধুমাত্র কোয়ালিফাইং নম্বর থাকতে হয়। মেধাতালিকার ক্ষেত্রে থাকে ১,৭৫০ নম্বরের লিখিত পরীক্ষা। থাকে মোট ৭টি পেপার। ডেসক্রিপটিভ টাইপ প্রশ্ন হবে। প্রত্যেক পেপারের সময়সীমা ৩ ঘণ্টা। দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীরা প্রতি পেপারে ৬০ মিনিট অতিরিক্ত সময় পাবেন। প্রশ্নপত্র হবে হিন্দি ও ইংরেজিতে। পেপার ১-এ থাকবে ২৫০ নম্বরের এসে রাইটিং। পেপার-২, ৩, ৪ ও ৫: জেনারেল স্টাডিজ (প্রতি পেপার ২৫০ নম্বর)। পেপার টুতে থাকে ইন্ডিয়ান হেরিটেজ অ্যান্ড কালচার, হিস্ট্রি অ্যান্ড জিওগ্রাফি অব দ্য ওয়ার্ল্ড অ্যান্ড সোসাইটি; পেপার থ্রিতে থাকে গভর্ন্যান্স, কনস্টিটিউশন, পোলিটি, সোশ্যাল জাস্টিস অ্যান্ড ইন্টারন্যাশনাল রিলেশনস; পেপার ফোরে থাকবে টেকনোলজি, ইকনমিক ডেভেলপমেন্ট, বায়ো-ডাইভার্সিটি, এনভায়রনমেন্ট, সিকিউরিটি অ্যান্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট; পেপার ফাইভে থাকে এথিক্স, ইন্টিগ্রিটি অ্যান্ড অ্যাপ্টিটিউড। পেপার ৬ ও ৭: দু'টি ঐচ্ছিক (অপশনাল) বিষয় (প্রতি পেপারে ২৫০ নম্বর)।

অপশনাল বিষয় হিসেবে নেওয়া যায়: (১) এগ্রিকালচার, (২) অ্যানিম্যাল হাজবেন্ড্রি অ্যান্ড ভেটেরিনারি সায়েন্স, (৩) অ্যানথ্রোপলজি, (৪) বটানি, (৫) কেমিস্ট্রি, (৬) সিভিল ইঞ্জিনিয়ারিং, (৭) কমার্স অ্যান্ড অ্যাকাউন্ট্যান্সি, (৮) ইকনমিক্স, (৯) ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, (১০) জিওগ্রাফি, (১১) জিওলজি, (১২) হিস্ট্রি, (১৩) ল, (১৪) ম্যানেজমেন্ট, (১৫) ম্যাথমেটিক্স, (১৬) মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, (১৭) মেডিক্যাল সায়েন্স, (১৮) ফিলোজফি, (১৯) ফিজিক্স, (২০) পলিটিক্যাল সায়েন্স অ্যান্ড ইন্টারন্যাশনাল রিলেশনস, (২১) সাইকোলজি, (২২) পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন, (২৩) সোশিওলজি, (২৪) স্ট্যাটিস্টিক্স, (২৫) জুলজি, (২৬) নিম্নলিখিত যে-কোনও একটি ভাষা— অসমিয়া, বাংলা, বোড়ো, ডোগরি, গুজরাতি, হিন্দি, কন্নড়, কাশ্মীরি, কোঙ্কনি, মৈথিলী, মালয়লম, মারাঠি, মণিপুরি, নেপালি, ওড়িয়া, পঞ্জাবি, সংস্কৃত, সাঁওতালি, সিন্ধি, তামিল, তেলুগু, উর্দু, ইংরেজি।

পেপার ওয়ানের সেকশন টু ছাড়া অন্য সব বিষয়ের পরীক্ষা বাংলাতেও দেওয়া যাবে, যদি স্নাতকে পড়াশোনার মাধ্যম বাংলা হয়। মেন পরীক্ষায় সফল হলে ইন্টারভিউ।

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# ফুড কর্পোরেশনে ৪১০৩

প্রথম পাতার পর

২৬টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া ২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ৪টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল/মেকানিক্যাল):** ১০টি (সাধারণ ৭, তফসিলি উপজাতি ১, ও বি সি ১, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে।

**স্টেনো গ্রেড টু:** ৯টি (সাধারণ)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে।

**অ্যাসিস্ট্যান্ট গ্রেড টু (হিন্দি):** ৩টি (সাধারণ ২, তফসিলি জাতি ১)।

**টাইপিস্ট (হিন্দি):** ১২টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ও বি সি ৫, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**অ্যাসিস্ট্যান্ট গ্রেড থ্রি (অ্যাকাউন্টস):** ৮৭টি (সাধারণ ৩৯, তফসিলি জাতি ২০, তফসিলি উপজাতি ১০, ও বি সি ১০, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া ৮)। এর মধ্যে ৪টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ১৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**অ্যাসিস্ট্যান্ট গ্রেড থ্রি (ডিপো):** ৬১টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ১২, তফসিলি উপজাতি ১১, ও বি সি ১৭, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া ৬)। এর মধ্যে ৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ৯টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**উত্তর: জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল):** ৪৬টি (সাধারণ ২৬, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ১, ও বি সি ৭, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া ৫)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল/মেকানিক্যাল):** ৩০টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৪, ও বি সি ৪, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া ৩)। এর মধ্যে ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে।

**স্টেনো গ্রেড টু:** ৪৩টি (সাধারণ ২৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া ৪)। এর মধ্যে ৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ৪টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে।

**অ্যাসিস্ট্যান্ট গ্রেড টু (হিন্দি):** ২২টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৩, ও বি সি ৬, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া ২)। এর মধ্যে ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**টাইপিস্ট (হিন্দি):** ১৬টি (তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**অ্যাসিস্ট্যান্ট গ্রেড থ্রি (জেনারেল):** ২৫৬টি (সাধারণ ১৩৯, তফসিলি জাতি ৫২, ও বি সি ৩৯, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া ২৬)। এর মধ্যে ১৪টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ৪১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**অ্যাসিস্ট্যান্ট গ্রেড থ্রি (অ্যাকাউন্টস):** ২৮৭টি (সাধারণ ১২৩, তফসিলি জাতি ৬৬, তফসিলি উপজাতি ৭, ও বি সি ৬২, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া ২৯)। এর মধ্যে ১২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ৪১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**অ্যাসিস্ট্যান্ট গ্রেড থ্রি (টেকনিক্যাল):** ২৮৬টি (সাধারণ ১৭৫, তফসিলি জাতি ৬০, তফসিলি উপজাতি ২২, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া ২৯)। এর মধ্যে ৪টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ৪৬টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**অ্যাসিস্ট্যান্ট গ্রেড থ্রি (ডিপো):** ১০১৩টি (সাধারণ ৪৭৮, তফসিলি জাতি ২৫৪, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৭৪, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া ১০২)। এর মধ্যে ৪৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ১৪৪টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**দক্ষিণ: জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল):** ২৬টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ২, ও বি সি ৫, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল/মেকানিক্যাল):** ১৫টি (সাধারণ ১৩, ও বি সি ২)।

**স্টেনো গ্রেড টু:** ৭টি (সাধারণ)।

**অ্যাসিস্ট্যান্ট গ্রেড টু (হিন্দি):** ১৫টি (সাধারণ ১২, ও বি সি ৩)।

**টাইপিস্ট (হিন্দি):** ৩টি (সাধারণ)।

**অ্যাসিস্ট্যান্ট গ্রেড থ্রি (জেনারেল):** ১৫৯টি (সাধারণ ৭৩, তফসিলি জাতি ২২, তফসিলি উপজাতি ৬, ও বি সি ৪২, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া ১৬)। এর মধ্যে ৫টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ২৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**অ্যাসিস্ট্যান্ট গ্রেড থ্রি (অ্যাকাউন্টস):** ৪৮টি (সাধারণ ২৪, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৪, ও বি সি ৯, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া ৫)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ৮টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**অ্যাসিস্ট্যান্ট গ্রেড থ্রি (টেকনিক্যাল):** ৫৪টি (তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ১৯, ও বি সি ২৪)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ১৪টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**অ্যাসিস্ট্যান্ট গ্রেড থ্রি (ডিপো):** ২১৩টি (সাধারণ ৮৭, তফসিলি জাতি ২২, তফসিলি উপজাতি ১৭, ও বি সি ৬৬, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া ২১)। এর মধ্যে ৮টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ৩৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**পশ্চিম: জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল):** ১৪টি (সাধারণ ১০, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল/মেকানিক্যাল):** ৯টি (সাধারণ)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে।

**স্টেনো গ্রেড টু:** ৯টি (সাধারণ)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে।

**অ্যাসিস্ট্যান্ট গ্রেড টু (হিন্দি):** ৪টি (সাধারণ ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে।

**টাইপিস্ট (হিন্দি):** ৪টি (সাধারণ ৩, তফসিলি উপজাতি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে।

**অ্যাসিস্ট্যান্ট গ্রেড থ্রি (জেনারেল):** ১২৪টি (সাধারণ ৫৭, তফসিলি জাতি ১২, তফসিলি উপজাতি ২৩, ও বি সি ২০, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া ১২)। এর মধ্যে ৫টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ১৮টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**অ্যাসিস্ট্যান্ট গ্রেড থ্রি (অ্যাকাউন্টস):** ৬৫টি (সাধারণ ৩৭, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৬, ও বি সি ৮, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া ৬)। এর মধ্যে ৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ১০টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**অ্যাসিস্ট্যান্ট গ্রেড থ্রি (টেকনিক্যাল):** ১৫৩টি (সাধারণ ৯৩, তফসিলি জাতি ৩১, তফসিলি উপজাতি ১৪, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া ১৫)। এর মধ্যে ৭টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ২২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**অ্যাসিস্ট্যান্ট গ্রেড থ্রি (ডিপো):** ৩৫৩টি (সাধারণ ১৬২, তফসিলি জাতি ৩০, তফসিলি উপজাতি ৬৭, ও বি সি ৫৯, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া ৩৫)। এর মধ্যে ১৪টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ৫১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**উত্তর-পূর্ব: জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল):** ২টি (সাধারণ ১, তফসিলি উপজাতি ১)।

**জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল/মেকানিক্যাল):** ৮টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে।

**স্টেনো গ্রেড টু:** ৮টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ও বি সি ২)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে।

**অ্যাসিস্ট্যান্ট গ্রেড টু (হিন্দি):** ১টি (সাধারণ)।

**টাইপিস্ট (হিন্দি):** ৪টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)।

**অ্যাসিস্ট্যান্ট গ্রেড থ্রি (জেনারেল):** ১১২টি (সাধারণ ৪৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩০, ও বি সি ২১, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া ১১)। এর মধ্যে ৪টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ১৬টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**অ্যাসিস্ট্যান্ট গ্রেড থ্রি (অ্যাকাউন্টস):** ২২টি (সাধারণ ১২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৬, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া ২)। এর মধ্যে ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**অ্যাসিস্ট্যান্ট গ্রেড থ্রি (টেকনিক্যাল):** ৩টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি ১)।

**অ্যাসিস্ট্যান্ট গ্রেড থ্রি (ডিপো):** ১৩১টি (সাধারণ ৫৩, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৩৪, ও বি সি ২৩, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া ১৩)। এর মধ্যে ৫টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ১৮টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** পোস্ট কোড এ: **জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল):** সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি অথবা সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা।

পোস্ট কোড বি: **জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল/মেকানিক্যাল):** ইলেক্ট্রিক্যাল বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি। অথবা সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা, সঙ্গে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

পোস্ট কোড সি: **স্টেনো গ্রেড টু:** স্নাতক, সঙ্গে ডোয়েক ও লেভেল কোর্স পাশ অথবা কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার অ্যাপ্লিকেশনে স্নাতক। এর পাশাপাশি প্রতি মিনিটে ৪০টি শব্দ টাইপ করার দক্ষতা এবং শর্টহ্যান্ডে প্রতি মিনিটে ৮০টি শব্দের দ্রুততা থাকতে হবে।

পোস্ট কোড ডি: **অ্যাসিস্ট্যান্ট গ্রেড টু (হিন্দি):** স্নাতক, স্নাতকে অন্যতম প্রধান বিষয় হিসেবে হিন্দি পড়ে থাকতে হবে। ইংরেজি ভাষায় দক্ষতা থাকতে হবে। এর পাশাপাশি ইংরেজি থেকে হিন্দি বা হিন্দি থেকে ইংরেজিতে অনুবাদ করার কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। হিন্দিতে স্নাতকোত্তর ডিগ্রি থাকলে অগ্রাধিকার।

পোস্ট কোড ই: **টাইপিস্ট (হিন্দি):** স্নাতক, সঙ্গে হিন্দিতে প্রতি মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। কম্পিউটারের জ্ঞান থাকলে এবং হিন্দি ও ইংরেজিতে টাইপ করার দক্ষতা থাকলে অগ্রাধিকার।

পোস্ট কোড এফ: **অ্যাসিস্ট্যান্ট গ্রেড থ্রি (জেনারেল):** স্নাতক, সঙ্গে কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে।

পোস্ট কোড জি: **অ্যাসিস্ট্যান্ট গ্রেড থ্রি (অ্যাকাউন্টস):** কমার্সে স্নাতক, সঙ্গে কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে।

পোস্ট কোড এইচ: **অ্যাসিস্ট্যান্ট গ্রেড থ্রি (টেকনিক্যাল):** এগ্রিকালচারে বি এসসি অথবা বটানি বা জুলজি বা বায়োটেকনোলজি বা বায়োকেমিস্ট্রি বা মাইক্রোবায়োলজি বা ফুড সায়েন্সে বি এসসি। অথবা ফুড সায়েন্স বা ফুড সায়েন্স অ্যান্ড টেকনোলজি বা এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং বা বায়োটেকনোলজিতে বি ই বা বি টেক। সব ক্ষেত্রেই কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে।

পোস্ট কোড আই: **অ্যাসিস্ট্যান্ট গ্রেড থ্রি (ডিপো):** স্নাতক, সঙ্গে কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে।

**বয়স:** ১-১-২০১৯ তারিখে জুনিয়র ইঞ্জিনিয়ার এবং অ্যাসিস্ট্যান্ট গ্রেড টু (হিন্দি) পদের ক্ষেত্রে ২৮ বছর, টাইপিস্ট এবং স্টেনো গ্রেড টু পদের ক্ষেত্রে ২৫ বছর এবং অ্যাসিস্ট্যান্ট গ্রেড থ্রি পদের ক্ষেত্রে ২৭ বছরের মধ্যে হতে হবে।

সবক্ষেত্রেই তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। বিধবা, বিবাহবিচ্ছিন্না ও আইনত স্বামীবিচ্ছিন্না মহিলারা পুনরায় বিবাহ না করে থাকলে এবং ৩৫ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন।

**বেতনক্রম:** জুনিয়র ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে ১১,১০০-২৯,৯৫০ টাকা, স্টেনো গ্রেড টু এবং অ্যাসিস্ট্যান্ট গ্রেড টু পদের ক্ষেত্রে ৯,৯০০-২৫,৫৩০ টাকা, টাইপিস্ট (হিন্দি) এবং অ্যাসিস্ট্যান্ট গ্রেড থ্রি পদের ক্ষেত্রে ৯,৩০০-২২,৯৪০ টাকা।

প্রার্থী যে-কোনও একটি জোনের একটি শূন্যপদের জন্য আবেদন করতে পারবেন।

প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের অনলাইন পরীক্ষা এবং প্রযোজ্য ক্ষেত্রে স্কিল টেস্টের মাধ্যমে। ফেজ-ওয়ান পরীক্ষায় ১০০ নম্বরের অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এই সব বিষয়ে: ইংলিশ ল্যাঙ্গুয়েজ, রিজনিং এবিলিটি এবং নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড। নেগেটিভ মার্কিং আছে। পরীক্ষা নেওয়া হবে মার্চ-এপ্রিল মাস নাগাদ। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল: বৃহত্তর কলকাতা, আসানসোল, দুর্গাপুর, হুগলি, কল্যাণী ও শিলিগুড়ি। ফেজ-টু পরীক্ষা নেওয়া হবে পাঁচটি পত্রে। তবে সব পদের জন্য সবক'টি পত্রের উত্তর দিতে হবে না। অ্যাসিস্ট্যান্ট গ্রেড থ্রি (জেনারেল ও ডিপো) পদের ক্ষেত্রে পেপার ওয়ানের পরীক্ষা দিতে হবে। টাইপিস্ট (হিন্দি) ও স্টেনো গ্রেড টু পদের ক্ষেত্রে যথাক্রমে পেপার থ্রি ও পেপার ফাইভের পরীক্ষা দিতে হবে। জুনিয়র ইঞ্জিনিয়ার ও অ্যাসিস্ট্যান্ট গ্রেড থ্রি (অ্যাকাউন্টস ও টেকনিক্যাল) পদের ক্ষেত্রে পেপার ওয়ান ও পেপার টুয়ের পরীক্ষা দিতে হবে। অ্যাসিস্ট্যান্ট গ্রেড টু (হিন্দি) পদের ক্ষেত্রে পেপার থ্রি ও পেপার ফোরের পরীক্ষা দিতে হবে। ফেজ-টুয়ের ক্ষেত্রে রাজ্যের পরীক্ষাকেন্দ্রগুলি হল: বৃহত্তর কলকাতা ও শিলিগুড়ি।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.fci.gov.in দরখাস্ত করা যাবে ২৩ ফেব্রুয়ারি থেকে ২৫ মার্চ পর্যন্ত। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের সময় প্রভিশনাল রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি লিখে রাখবেন। মনে রাখবেন, দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা রঙিন ফটো (২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে, ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে), কালো কালিতে করা সই, বাঁহাতের বুড়ো আঙুলের ছাপ (২৪০×২৪০ পিক্সেল ডাইমেনশনে, ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) এবং প্রার্থীর হাতে লেখা একটি ডিক্লারেশন (৮০০×৪০০পিক্সেল ডাইমেনশনে, ৫০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। ডিক্লারেশনের বয়ান পাবেন উপরোক্ত ওয়েবসাইটে।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী, কর্মরত ডিফেন্স পার্সোনেল এবং প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না। ফি জমা দিতে হবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা আই এম পি এস বা ক্যাশ কার্ড বা ইউ পি আই বা মোবাইল ওয়ালেটের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

অনলাইনে দরখাস্ত যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## কবে কোন পরীক্ষা

**বিজ্ঞপ্তি নম্বর 23 of 2018 অনুসারে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন** দ্বারা পরিচালিত স্কুল ইনস্পেক্টর পদে নিয়োগের পরীক্ষা ১০ মার্চ। পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.mscwb.org

## রামকৃষ্ণ মিশন শিল্পমন্দিরে ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স

সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল এবং ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা কোর্সে ভর্তি নেবে রামকৃষ্ণ মিশন শিল্পমন্দির। শুধু ছেলেরাই আবেদন করবেন। প্রার্থী বাছাই করা হবে একটি প্রবেশিকা পরীক্ষা (শিল্পমন্দির অ্যাডমিশন টেস্ট) এবং জেক্সপো পরীক্ষায় প্রাপ্ত র‍্যাঙ্কের ভিত্তিতে। কোর্স শুরু হবে জুলাইয়ে।

**শাখা অনুসারে আসনসংখ্যার বিন্যাস:** সিভিল ৬০টি, মেকানিক্যাল ৬০টি, ইলেক্ট্রিক্যাল ৪০টি, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলি-কমিউনিকেশন ৬০টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক। সেই সঙ্গে অঙ্ক ও ফিজিক্যাল সায়েন্সে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। পাশাপাশি, জেক্সপো পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। **বয়স:** ১-৭-২০১৯ তারিখে ২১ বছরের মধ্যে হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে একটি প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষার সম্ভাব্য তারিখ ১৪ এপ্রিল (রবিবার), সকাল ১০টা থেকে দুপুর ১২টা।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনপত্র ৫০ টাকার বিনিময়ে সরাসরি সংগ্রহ করা যাবে প্রতিষ্ঠান থেকে, যে-কোনও কাজের দিন সকাল সাড়ে ১০টা থেকে বিকেল ৪টে (শনিবার সকাল সাড়ে ১০টা থেকে দুপুর ১টা) পর্যন্ত। আবেদনপত্র সংগ্রহের শেষ তারিখ ১৬ মার্চ।

পরীক্ষার ফি বাবদ দিতে হবে ৮০০ টাকা। পরীক্ষার ফি-সহ পূরণ করা আবেদনপত্র ২৯ মার্চের মধ্যে জমা দিতে হবে এই ঠিকানায়: 208, G.T. Road, Belur Math, Howrah-711 202. বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইটগুলি: www.shilpamandira.org, www.rkmscc.org প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: (০৩৩) ২৬৫৪ ৯৩৮১/৭৯০৭।

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# এয়ারফোর্সে এয়ারম্যান

*প্রথম পাতার পর*

দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার ও কোচবিহার।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ এবং ইংরেজিতে অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক।

**জন্মতারিখ:** ১৯-১-১৯৯৯ থেকে ১-১-২০০৩-এর মধ্যে হতে হবে।

**দৈহিক মাপজোক:** উচ্চতা: অটোমোবাইল টেকনিশিয়ানের ক্ষেত্রে ১৬৫ সেমি এবং ইন্ডিয়ান এয়ারফোর্স (পুলিশ)-এর ক্ষেত্রে ১৭৫ সেমি। অটোমোবাইল টেকনিশিয়ান ট্রেডের ক্ষেত্রে পার্বত্য এলাকার প্রার্থীদের উচ্চতা হতে হবে ১৬২.৫ সেমি। পায়ের দৈর্ঘ্য: শুধু অটোমোবাইল টেকনিশিয়ানের ক্ষেত্রে অন্তত ৯৯ সেমি। **দৃষ্টিশক্তি:** অটোমোবাইল টেকনিশিয়ানের ক্ষেত্রে প্রতি চোখে ৬/১২, ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। ইন্ডিয়ান এয়ারফোর্স (পুলিশ)-এর ক্ষেত্রে চশমা ছাড়া প্রতি চোখে ৬/৬। রং চেনার ক্ষমতা সি পি-টু মানের হতে হবে।

উভয় ক্ষেত্রেই ৫ সেমি সম্প্রসারণযোগ্য বুকের ছাতি ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা, দৈহিক সক্ষমতার পরীক্ষা ও দু'পর্যায়ের অ্যাডাপ্টেবিলিটি টেস্ট এবং মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে।

প্রথমেই থাকবে দৈহিক সক্ষমতার পরীক্ষা। এই পরীক্ষায় থাকবে সাড়ে ৬ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ১০টি পুশ আপ, ১০টি সিট আপ এবং ২০টি স্কোয়াট।

লিখিত পরীক্ষায় ইংরেজি, রিজনিং ও জেনারেল অ্যাওয়্যারনেস বিষয়ক অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে। ৪৫ মিনিটের পরীক্ষা। সি বি এস ই সিলেবাস অনুসারে ইংরেজির প্রশ্ন হবে। পরীক্ষার দিনই ফলাফল প্রকাশ করা হবে।

লিখিত পরীক্ষায় সফলদের প্রথম পর্যায়ের অ্যাডাপ্টেবিলিটি টেস্ট হবে। বিভিন্ন ভৌগোলিক পরিবেশের সঙ্গে প্রার্থীর মানিয়ে নেওয়ার ক্ষমতা আছে কি না, তা এই পর্বে খতিয়ে দেখা হবে।

দ্বিতীয় পর্যায়ের অ্যাডাপ্টেবিলিটি টেস্টে কঠোর নিয়মকানুন সংবলিত মিলিটারি ট্রেনিংয়ের সঙ্গে প্রার্থী কতটা মানিয়ে নিতে পারবে, তা খতিয়ে দেখা হবে। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন।

প্রথমে কর্নাটকের বেলাগভি বেসিক ট্রেনিং ইনস্টিটিউটে জয়েন্ট বেসিক ফেজ ট্রেনিং। ট্রেনিং চলাকালীন মাসে ১৪,৬০০ টাকা করে স্টাইপেন্ড পাওয়া যাবে। সফল ট্রেনিং শেষে মূল বেতন ২৬,৯০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

**র‍্যালির সূচি:** হুগলি, পূর্ব মেদিনীপুর, ঝাড়গ্রাম, পুরুলিয়া ও পশ্চিম বর্ধমানের প্রার্থীদের দৈহিক সক্ষমতা যাচাই ও লিখিত পরীক্ষা ২৬ ফেব্রুয়ারি এবং দুই পর্বের অ্যাডাপ্টেবিলিটি টেস্ট ২৭ ফেব্রুয়ারি।

মুর্শিদাবাদ, মালদা, উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার ও কোচবিহার জেলার প্রার্থীদের দৈহিক সক্ষমতার পরীক্ষা ও লিখিত পরীক্ষা ১ মার্চ। দুই পর্বের অ্যাডাপ্টেবিলিটি টেস্ট ২ মার্চ। ৩ মার্চ দিনটি রিজার্ভ ডে।

র‍্যালি আয়োজিত হবে এই ঠিকানায়: ৪ এয়ারমেন সিলেকশন সেন্টার (পলতা গেটের কাছে), এয়ারফোর্স স্টেশন, বারাকপুর, উত্তর ২৪ পরগনা-৭৪৩ ১২২ (পশ্চিমবঙ্গ)। নির্দিষ্ট দিন সকাল ৬টায় র‍্যালিকেন্দ্রে হাজির থাকতে হবে। সকাল ১০টার পরে আর র‍্যালিতে অংশগ্রহণ করা যাবে না।

### র‍্যালিতে সঙ্গে রাখবেন

- ✓ ৭ কপি পাসপোর্ট মাপের রঙিন ফটো। কালো স্লেটের ওপর সাদা চকে প্রার্থীর নাম ও ফটো তোলার তারিখ লিখে স্লেটটি বুকের কাছে ধরে ছবি তুলতে হবে। এ বছরের জানুয়ারি মাসের আগে তোলা ফটো চলবে না।
- ✓ বয়স ও শিক্ষাগত যোগ্যতার প্রয়োজনীয় সমস্ত মূল সার্টিফিকেট ও মার্কশিট এবং প্রত্যেকটি সার্টিফিকেট ও মার্কশিটের চারটি করে স্বপ্রত্যয়িত নকল।
- ✓ ডোমিসাইল সার্টিফিকেট, এন সি সি সার্টিফিকেটের (থাকলে) মূল কপি ও তার চার কপি স্বপ্রত্যয়িত নকল।

অতিরিক্ত তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন উপরোক্ত ঠিকানায়। অথবা ফোন করতে পারেন এই নম্বরে: ০৩৩-২৫৯২-১২৫১, এক্সটেনশন ৬৩৯১। ই-মেল: co.4asc-wb@gov.in

# রেলে ১ লক্ষ ৩০ হাজার

*প্রথম পাতার পর*

নোটিস নম্বর: আর আর সি ০১/২০১৯।

প্রার্থী বাছাই হবে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষার মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে রেল রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইটের মাধ্যমে। যে-কোনও একটি আর আর বি বা আর আর সি-র শূন্যপদে আবেদন করবেন। একাধিক আর আর বি বা আর আর সি-র শূন্যপদে আবেদন করলে সবক'টি দরখাস্তই বাতিল হবে।

অনলাইন দরখাস্ত গ্রহণ শুরুর তারিখ: নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরির পদগুলির ক্ষেত্রে ২৮ ফেব্রুয়ারি, প্যারামেডিক্যাল ক্যাটেগরির পদগুলির ক্ষেত্রে ৪ মার্চ, মিনিস্টেরিয়াল ও আইসোলেটেড ক্যাটেগরির পদগুলির ক্ষেত্রে ৮ মার্চ এবং লেভেল-ওয়ান পদের ক্ষেত্রে ১২ মার্চ। ক্যাটেগরি অনুসারে অনলাইন দরখাস্তের শেষ তারিখ পরে জানানো হবে।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা (তফসিলি, দৈহিক প্রতিবন্ধী, মহিলা, প্রাক্তন সমরকর্মী, রূপান্তরকামী, সংখ্যালঘু ও আর্থিক অনগ্রসরদের ক্ষেত্রে ২৫০ টাকা)।

পরীক্ষায় বসলে সাধারণ এবং ও বি সি ক্যাটেগরির পুরুষ প্রার্থীরা ৪০০ টাকা এবং মহিলা ও অন্যান্য সংরক্ষিত ক্যাটেগরির সব প্রার্থীই ফি বাবদ জমা দেওয়া পুরো টাকা ফেরত পাবেন। তবে সবক্ষেত্রেই ব্যাঙ্ক চার্জ কেটে টাকা ফেরত দেওয়া হবে।

এই নিয়োগের পূর্ণাঙ্গ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। বিশদ তথ্য-সহ খবর পরে জানানো হবে। অনলাইন আবেদন শুরুর দিন থেকে আর আর বি-গুলির ওয়েবসাইটেও তথ্য পাবেন।

পশ্চিমবঙ্গের তিন আর আর বি-র ওয়েবসাইট: কলকাতা: www.rrbkolkata.gov.in শিলিগুড়ি: www.rrbsiliguri.org মালদা: www.rrbmalda.gov.in

পূর্ব রেল রিক্রুটমেন্ট সেল: www.rrcer.com দক্ষিণ-পূর্ব রেল রিক্রুটমেন্ট সেল: www.ser.indianrailways.gov.in

# রাজ্য পুলিশে ৮১৬ ওয়ার্ডার

*প্রথম পাতার পর*

মহিলা ২), ও বি সি-এ ৫৭ (পুরুষ ৪৯, মহিলা ৮), ও বি সি-এ-এক্সেম্পটেড ক্যাটেগরি ২৬ (পুরুষ ২২, মহিলা ৪), ও বি সি-বি ৪১ (পুরুষ ৩৫, মহিলা ৬), ও বি সি-বি-এক্সেম্পটেড ক্যাটেগরি ১৭ (পুরুষ ১৪, মহিলা ৩)।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। পাশাপাশি, ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অব টেকনিক্যাল অ্যান্ড ভোকেশনাল এডুকেশন অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট বা ইয়ুথ কম্পিউটার ট্রেনিং সেন্টার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কম্পিউটারে সার্টিফিকেট কোর্স পাশ করে থাকতে হবে।

**বয়স:** ১-১-২০১৯ তারিখে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** উচ্চতা: পুরুষদের ক্ষেত্রে ১৬৭ সেমি (গোর্খা ও তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৬০ সেমি), মহিলাদের ক্ষেত্রে ১৬০ সেমি (গোর্খা ও তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৫২ সেমি)। বুকের ছাতি: শুধুমাত্র পুরুষদের ক্ষেত্রে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৮ ও ৮৩ সেমি (গোর্খা ও তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬ ও ৮১ সেমি)। উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে।

**দৃষ্টিশক্তি:** চশমা ছাড়া বা চশমা-সহ ৬/৬। বর্ণান্ধতা থাকলে চলবে না।

বেতনক্রম: ৫,৪০০-২৫,২০০ টাকা। সেই সঙ্গে গ্রেড পে ২,৬০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা, দৈহিক মাপজোক যাচাই, দৈহিক সক্ষমতার পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষায় থাকবে জেনারেল অ্যাওয়্যারনেস অ্যান্ড জেনারেল নলেজ (২৫ নম্বর), ইংলিশ (২৫ নম্বর), এলিমেন্টারি ম্যাথমেটিক্স (২০ নম্বর), রিজনিং (১০ নম্বর), কম্পিউটার লিটারেসি (১০ নম্বর)। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। সময় ১ ঘণ্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৬ মিনিট ৩০ সেকেন্ডে ১,৬০০ মিটার দৌড় (মহিলাদের ক্ষেত্রে ১ মিনিট ৫০ সেকেন্ডে ৪০০ মিটার দৌড়)। শেষে ১০ নম্বরের ইন্টারভিউ।

আবেদন করা যাবে অনলাইন-অফলাইন উভয় পদ্ধতিতেই। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbpolice.gov.in অনলাইন আবেদনের শেষ তারিখ ১৪ মার্চ। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় জে পি জি ফর্ম্যাটে স্ক্যান করা প্রার্থীর রঙিন পাসপোর্ট (৪.৫×৩.৫ সেমি) মাপের ফটো (অবশ্যই সাদা রঙের ব্যাকগ্রাউন্ড হতে হবে, ১০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) এবং ১.৭×৯.২ সেমি মাপের সই (৫ থেকে ২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

অফলাইন আবেদনের ক্ষেত্রে দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। দরখাস্তের উপর অ্যাপ্লিকেশন সিরিয়াল নম্বর আছে কিনা দেখে নেবেন। দরখাস্ত পূরণ করবেন যথাযথভাবে।

এ ছাড়াও পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড স্বীকৃত সহজ মিত্র কেন্দ্রের মাধ্যমে অতিরিক্ত ২৩ টাকার বিনিময়ে অনলাইন দরখাস্ত করা যাবে।

ফি বাবদ দিতে হবে ২২০ টাকা (অ্যাপ্লিকেশন ফি ২০০ টাকা, প্রসেসিং ফি ২০ টাকা)। তফসিলিদের শুধু প্রসেসিং ফি বাবদ ২০ টাকা দিতে হবে। অনলাইন আবেদনের ক্ষেত্রে ফি জমা দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিং বা ই-ওয়ালেটের মাধ্যমে। এ ক্ষেত্রে সার্ভিস চার্জ বাবদ দিতে হবে অতিরিক্ত ৫ টাকা। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন।

অফলাইন আবেদনের ক্ষেত্রে ফি জমা দেওয়া যাবে ই-পেমেন্ট সুবিধাযুক্ত যে-কোনও পোস্ট অফিসে, ইন্ডিয়া পোস্ট চালানের মাধ্যমে। ফি বাবদ দিতে হবে ২৩০ টাকা (অ্যাপ্লিকেশন ফি ২০০ টাকা, প্রসেসিং ফি ২০ টাকা, সার্ভিস চার্জ ১০ টাকা)। ফি জমা দিতে হবে 'West Bengal Police Recruitment Board'-এর অনুকূলে। তফসিলি প্রার্থীরা শুধু প্রসেসিং ফি ও সার্ভিস চার্জ বাবদ ৩০ টাকা জমা দেবেন। ফি জমা দিয়ে পাওয়া রিসিপ্ট দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন। এ ছাড়াও ডাউনলোড করে নেওয়া ইউনাইটেড ব্যাঙ্ক অব ইন্ডিয়ার চালানের মাধ্যমেও ফি জমা দেওয়া যাবে। চালান ডাউনলোড করার পরের কাজের দিন (ওয়ার্কিং ডে) ফি জমা দেওয়া যাবে। এ ক্ষেত্রে ফি জমা দিয়ে পাওয়া চালানের রিক্রুটমেন্ট বোর্ডের অংশটি দরখাস্তে সেঁটে দেবেন। অনলাইন আবেদন করে যাঁরা চালানের মাধ্যমে ফি জমা দেবেন, তাঁদের ক্ষেত্রে ফি জমা দেওয়ার শেষ তারিখ ১৬ মার্চ।

অফলাইন আবেদনের ক্ষেত্রে ফি জমা দেওয়ার নথি-সহ পূরণ করা দরখাস্ত ৩২×২২ সেমি মাপের খামে ভরে পাঠিয়ে দেবেন এই ঠিকানায়: Chairman, West Bengal Police Recruitment Board, Araksha Bhaban, 5th floor, Block-DJ, Sector-II, Salt Lake City, Kolkata-700 091. খামের উপর 'NAME OF THE RECRUITMENT, NAME OF THE POST, APPLICATION SERIAL NO.' লিখে দেবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.wbpolice.gov.in প্রয়োজনে যে-কোনও কাজের দিন সকাল ১০টা থেকে বিকেল সাড়ে ৫টার মধ্যে (শনিবার দুপুর ২টোর মধ্যে) যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৭০৪৪১০৮৬৮৯/৭০৪৪১০৯৩৪৬। ই-মেল করতে পারেন এই ঠিকানায়: wbprbonline@applythrunet.co.in

# রাজ্যে শতাধিক লাইব্রেরিয়ান

*সাতের পাতার পর*

বা জেপেগ ফর্ম্যাটে ১৪০×৬০ পিক্সেল ডাইমেনশনে ৫-৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। অনলাইন দরখাস্ত করার সময় রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি লিখে রাখবেন। পরে কাজে লাগবে।

ফি বাবদ দিতে হবে ১,৫০০ টাকা। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের কোনও ফি লাগবে না। অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। এছাড়া ই-চালানের মাধ্যমে ইউনাইটেড ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায় ফি জমা দিতে পারবেন। সেক্ষেত্রে ব্যাঙ্ক চার্জ ও জি এস টি বাবদ অতিরিক্ত ৪৮ টাকা দিতে হবে। চালান ডাউনলোড করার দু'টি কাজের দিনের পর ফি জমা দেওয়া যাবে।

অনলাইনে দরখাস্ত সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি ইন্টারভিউয়ের সময় সঙ্গে নিয়ে যেতে হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.wbcsc.org.in

# বিভিন্ন আর আর বি এবং আর আর সি-র ওয়েবসাইট

কলকাতা আর আর বি: www.rrbkolkata.gov.in, শিলিগুড়ি আর আর বি: www.rrbsiliguri.org, মালদা আর আর বি: www.rrbmalda.gov.in, আমেদাবাদ আর আর বি: www.rrbahmedabad.gov.in, আজমের আর আর বি: www.rrbajmer.gov.in, এলাহাবাদ আর আর বি: www.rrbald.gov.in, ব্যাঙ্গালোর আর আর বি: www.rrbbnc.gov.in, ভোপাল আর আর বি: www.rrbbpl.gov.in, ভুবনেশ্বর আর আর বি: www.rrbbbs.gov.in, বিলাসপুর আর আর বি: www.rrbbilaspur.gov.in, চণ্ডিগড় আর আর বি: www.rrbcdg.gov.in, চেন্নাই আর আর বি: www.rrbchennai.gov.in, গোরখপুর আর আর বি: www.rrbgkp.gov.in, গুয়াহাটি আর আর বি: www.rrbguwahati.gov.in, জম্মু-শ্রীনগর আর আর বি: www.rrbjammu.nic.in, মুম্বই আর আর বি: www.rrbmumbai.gov.in, মুজফফরপুর আর আর বি: www.rrbmuzaffarpur.gov.in, পাটনা আর আর বি: www.rrbpatna.gov.in, রাঁচি আর আর বি: www.rrbranchi.gov.in, সেকেন্দ্রাবাদ আর আর বি: www.rrbsecunderabad.nic.in, তিরুঅনন্তপুরম আর আর বি: www.rrbthiruvananthapuram.gov.in

সেন্ট্রাল রেলওয়ে: www.rrccr.com, ইস্টার্ন রেলওয়ে: www.rrcer.com, ইস্ট সেন্ট্রাল রেলওয়ে: www.rrcecr.gov.in, ইস্ট কোস্ট রেলওয়ে: www.rrcecor.org, নর্দার্ন রেলওয়ে: www.rrcnr.org, নর্থ সেন্ট্রাল রেলওয়ে: www.rrcald.org, নর্থ ইস্টার্ন রেলওয়ে: www.ner.indianrailways.gov.in, নর্থ ইস্ট ফ্রন্টিয়ার রেলওয়ে: www.nfr.indianrailways.gov.in, নর্থ ওয়েস্টার্ন রেলওয়ে: www.nwr.indianrailways.gov.in, সাদার্ন রেলওয়ে: www.rrcmas.in, সাউথ সেন্ট্রাল রেলওয়ে: www.scr.indianrailways.gov.in, সাউথ ইস্টার্ন রেলওয়ে: www.ser.indianrailways.gov.in, সাউথ ইস্ট সেন্ট্রাল রেলওয়ে: www.secr.indianrailways.gov.in, সাউথ ওয়েস্টার্ন রেলওয়ে: www.rrchubli.in, ওয়েস্টার্ন রেলওয়ে: www.rrc-wr.com, ওয়েস্ট সেন্ট্রাল রেলওয়ে: www.wcr.indianrailways.gov.in


## স্বনির্ভরতার লক্ষ্যে পাঠকদের জন্য কর্মক্ষেত্র পুরস্কার

# প্রতি মাসেই ৫০০০ টাকা

### আপনাকে কী করতে হবে?

'কর্মক্ষেত্র'র প্রতি সংখ্যায় ব্যবসা-সংক্রান্ত বিভিন্ন সুলুকসন্ধান, পরামর্শ ও পথনির্দেশ প্রকাশিত হয়। এভাবে প্রতি মাসে প্রকাশিত ব্যবসার আলোচনা থেকে আপনার পছন্দমতো ব্যবসাটি বেছে নিন। এই ব্যবসাটি বেছে নেওয়ার পক্ষে আপনার যুক্তি, কীভাবে এগোবেন ও এ বিষয়ে আপনার যোগ্যতাই বা কী— এইসব বিবৃত করে একটি প্রবন্ধ লিখুন। ১,০০০ শব্দের মধ্যে।

এবার খামের ওপর 'স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার' লিখে পাঠিয়ে দিন। বাস, এ-ই।

**মার্চ-এর প্রতিযোগিতার জন্য ফেব্রুয়ারি মাসের 'কর্মক্ষেত্র'-য় প্রকাশিত ব্যবসার আলোচনাগুলি থেকে আপনার পছন্দসই ব্যবসাটি বাছতে হবে।**

লিখবেন কাগজের একপিঠে, পরিষ্কার হস্তাক্ষরে। প্রথম পৃষ্ঠার ওপরে ও প্রতি পৃষ্ঠার বাঁদিকে চওড়া মার্জিন রেখে। সঙ্গে নিজের একটি পাসপোর্ট মাপের ছবিও পাঠিয়ে দেবেন।

এভাবে প্রতি মাসেই যাঁর প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত হবে, তাঁকে ৫,০০০ টাকা পুরস্কার দেওয়া হবে। প্রবন্ধটি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হবে। আমরা আশা করব, পুরস্কৃত পাঠক স্বনির্ভরতার লক্ষ্যে তাঁর মনোমতো ব্যবসাটির গোড়াপত্তনে পুরস্কারের অর্থ কাজে লাগাবেন। কোনও একজনের প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত না হলে একাধিক প্রতিযোগীকে যুগ্মভাবে বিজয়ী ঘোষণা করা হবে এবং মোট পুরস্কারমূল্য বিজয়ীদের মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়া হবে। পুরস্কৃত প্রবন্ধের বাইরেও সম্পাদকীয় বিচারে প্রশংসিত প্রবন্ধগুলি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হতে পারে।

আপনার লেখাটি ১০ মার্চ-এর মধ্যে পৌঁছনো চাই। পাঠাবেন এই ঠিকানায়:
**সম্পাদক, কর্মক্ষেত্র, ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।**